Department of Media Studies & Journalism

Internship Report

Prepared by:

Name: Shuvashish Das Ray Dip

ID: 151012072

Term: Summer 2021

Course Code: MSJ11498 & MSJ11499

Host Organization: Center for Critical & Qualitative Studies (CQS)

Table of Contents

Topic	Page Number
Student's Details	3
Internship Details	3
Acknowledgement	4
Self-Assessment Form	5
Internship Report Approval Form	7
Plagiarism Declaration Form	8
Introduction	9
Expectation/Objectives	10
Host Organization	10
Tasks	11
Project Details	12-64
Internship Outcome	65
Workplace Log	66-72
Professional Competencies	72
Concluding Remarks	72

Student Details

Name: Shuvashish Das Ray Dip

Student ID: 151012072

Department: Media Studies & Journalism

Major Concentration: Business Journalism

Minor Concentration: Sustainable Development

Career Goal: To secure a responsible career opportunity by fully utilizing communication expertise.

Internship Details

Host Organization:	Center for Critical & Qualitative Studies
Address:	**Oboshor Bhaban** House 75/A, Road 5/A @ Satmasjid Road Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Web:	cqs.ulab.edu.bd
Host Organization Supervisor	Dr. Sumon Rahman
Designation	Director
Internship Area	Fact Check Reporting
Internship Start Date	01st July 2021

Internship End Date	31st August 2021
Average Working Hour	7 Hours
Weekly Working Hour	42
How Many Weeks	8

Acknowledgement

It was not easy to find a good place to do internship. I believe internship is a massive opportunity to test someone's ability. It is almost impossible to find a workplace which matches someone's desire and finish working there without anyone’s help. I am not any exception. There are some people who must be acknowledged.

My advisor Wafi Aziz Sattar sir was a big influence for me. He helped me from the very beginning. I was a little confused about where exactly I should put my effort. Then I talked with him several times and came up with some solutions. So, I am very much thankful to him.

Center for Critical and Qualitative Studies was one of the main focuses where I wanted to work. It was an honor for me to work directly under Dr. Sumon Rahman sir. He was a great leader and mentor for me. I believe every students of Media Studies & Journalism department know how he made everything easy to understand. I have made lot of mistakes while working at CQS but he always helped me. I am grateful to have this opportunity of working under him.

My internship supervisor Dr. Kabil Khan was a massive support for me. I consulted with him every time I encountered with any sort of problems or confusions. And he was always there for me. Apart from that I also must admit another thing, because of the pandemic I had to do my internship from home and one of his course Online Journalism helped me a lot.

I also want to acknowledge the amount of support I got from the CQS team, especially from Shams Wahid, Apon Das, Jahirul Islam and Mohammad Romel. I have learnt a lot of professional lessons from them. I have done a lot of works but without their cooperation I couldn’t have done it.

MSJ043

SELF-ASSESSMENT FORM

The purpose of this survey is to obtain students input on how they think they have performed.

Name of Intern: _Shuvashish Das Ray Dip_________

University ID: _151012072____________

Name of the Institute/Organization:	Center for Critical & Qualitative Studies
Corporate Office Address:	**Oboshor Bhaban** House 75/A, Road 5/A @ Satmasjid Road Dhanmondi, Dhaka-1209, Bangladesh
Email: cqs@ulab.edu.bd	Web: cqs.ulab.edu.bd

1. During a typical week, approximately how many hours did you dedicate to your internship?

40

2. Was your internship paid? If yes, how much?

5000 BDT

3. Was your site supervisor available to meet when needed? Tick any one of the following.

☐Not at all ☐Slightly ☐Moderately ☐Quite a bit ✓☐A great deal

4. Next, we would like to know how you were affected by your internship. Using the scale below, please indicate the degree to which participation in your internship experience increased or strengthened your abilities, attitudes, awareness or understanding in each of the areas identified:

1=Not at all 2=Slightly 3=Moderately 4=Quite a bit 5=A great deal

NO	CRITERIA (Personal)	RATING
1	I have a sense of satisfaction in doing something worthwhile.	4
2	I believe in my ability to make a difference.	4
3	I am open to new experiences.	5
4	I have gained the capacity to be more productive.	5
5	I can recognize my personal strengths.	4
6	I can recognize my personal weaknesses.	4
7	I have a sense of personal achievement.	4
8	I have the ability to persevere in difficult tasks	5
NO	CRITERIA (Social/Interpersonal Impact)	

9	I demonstrate concern for the welfare of others	5
10	I can be understanding and appreciative of people with diverse backgrounds	5
11	I have the ability to work cooperatively with others	5
12	I have the ability to communicate effectively	4
13	I have increased my ability to be a leader	4
14	I feel more connected to my community	5
NO	CRITERIA (Academic learning impact)	
15	I have acquired knowledge from the job duties I performed	5
16	I have broadened my critical thinking skills (reasoning, problem solving)	5
17	I have learnt the ability to work independently	4
18	I feel my classroom learning was enriched	5
19	I have the ability to connect academic subject matter to the real world.	5
NO	CRITERIA (EMPLOYMENT/JOB SPECIFIC IMPACT)	
20	I developed specialised technical skills for a specific job function	5
21	I broadened my future employment possibilities	5
22	I received an opportunity to explore a specific career	5
23	I developed realistic ideas about the work world	5
24	I narrowed my future possible career choices.	5
25	**What is your average score from this test?**	4.64

5. General Comments

I am happy about my experience at CQS. I had the opportunity to do different types of work and explore my interest.

Shuvashish________________________________

Signature of Intern

MSJ04

2

INTERNSHIP REPORT APPROVAL FORM

Student Name _Shuvashish Das Ray Dip   ID No. 151012072

Major: Business Journalism   Year: ____2021_____

Local Phone: ____01887353826_____   Email: ___shuvashish.das.msj@ulab.edu.bd_

____

INTERNSHIP/PROJECT INFORMATION

Internship

Organization/Project: Center for Critical & Qualitative Studies_

Internship /Project Report

Topic: Fact Check Report, Translation, Transcription, Poster Design

Semester (Tick one): □ Spring 2020 ✓□ Summer 2021 □ Fall 2020

Advisor APPROVAL

(Please place a Tick)

□✓ Approved □ Not Approved □ Partial Re-write □ Full Re-write

Remarks (If Not Approved/Pretrial/Full Rewrite):

____

Signature: ________________Date: _20/09/21________________

Name: __Abdul Kabil Khan ________________Title: _Assistant Professor__

E-mail: _abdul.kabil@ulab.edu.bd____________________Phone: 01705059549 ________________

MSJ0
41

PLAGIARISM DECLARATION

1. I know that plagiarism means taking and using the ideas, writings, works or inventions of another as if they were one's own. I know that plagiarism not only includes verbatim copying, but also the extensive use of another person's ideas without proper acknowledgement (which includes the proper use of quotation marks). I know that plagiarism covers this sort of use of material found in textual sources and from the Internet.

2. I acknowledge and understand that plagiarism is wrong.

3. I understand that my research must be accurately referenced.

4. This assignment is my own work, or my group's own unique group assignment. I acknowledge that copying someone else's assignment, or part of it, is wrong, and that submitting identical work to others constitutes a form of plagiarism.

5. I have not allowed, nor will I in the future allow, anyone to copy my work with the intention of passing it off as their own work.

Name: Shuvashish Das Ray Dip
ULAB ID: 151012072
Signature Shuvashish_________________________

Introduction

I have done my internship at Center for Critical & Qualitative Studies (CQS). One of the major reasons behind this decision was to explore different field of journalism and research. I had the opportunity to exercise journalism as a fact checker and also learn different aspects of research.

Along with working at CQS, I got the privilege to work for Fact Watch. So, clearly this opportunity diversified my experience. I believe internship helps to test ability as a fresh professionals. And what else can be better than working at a diverse place.

My experience as a fact checker was quite fascinating. We are living in a world full of information. But along with authentic information there is a huge circulation of fake information. By the help of social media these rumors are causing some damages. To fight this cause the contribution of Fact Watch is significant. Also they are working along with Facebook. So, I had the opportunity to work with an international institution as well. I also had attended more than one meeting with Facebook and done a workshop as well.

When I started working at CQS there were few ongoing research projects. So, I got the chance to learn practically about research. I tried to attend every meetings and workshops regarding those projects. Those really helped me to generate new ideas. And I believe I can utilize this while working professionally.

Expectations/Objectives

My expectations was to explore different aspects where I can apply my communication expertise and play a significant role. I wanted to know what was my strengths and weaknesses. There are few objectives that I expected to achieve from my internship program.

1. Explore digital area of journalism
2. Develop writing skills
3. Experience workplace environment
4. Improve networking and communication skills
5. Learn professional attitude

Host Organization

Center for Critical & Qualitative Studies is research center based at the University of Liberal Arts Bangladesh. It works jointly with the University of Sussex, Uk. The vision of this center is to contribute and become the global player in the qualitative understanding of human condition. There are some major objectives of this center.

1. To develop a generation of critical thinkers
2. To address knowledge-gaps and interdisciplinary potential
3. To ensure a scholarly culture
4. To develop new curriculum for postgraduate teaching

Tasks

I have assigned to do these following tasks as an intern:

- Finding fake claims in social media
- Working with the team closely
- Writing fact check report
- Writing transcript
- Translating given article
- Observing the ongoing workshops and meetings
- Reading others report to have a better understanding

Project Details

Published Projects- 17

PROJECT- 1

Project Type- Fact Check Report

Project Title: "খেলার মাঠে গরু প্রবেশ করায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- বিভ্রান্তিকর

Project Description: There was a rumour spreading on social media with a false picture. I have assigned to debunk this misleading claim.

Responsibility: My responsibility was to write fact check report by checking whether the claim is true or false and find out the authentic source to defend my statement.

Claim:

My Findings & Report:

"খেলার মাঠে গরু ঢুকায় ব্রাহ্মণবাড়িয়ায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- সংবাদটি অর্ধসত্য

২৬ জুলাই ২০২১ তারিখে "খেলার মাঠে গরু ঢুকায় ব্রাহ্মণবাড়িয়ায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যায়। সংবাদের বিষয়বস্তু সঠিক হলেও অনেকক্ষেত্রেই দেখা যাচ্ছে সেখানে ব্যবহৃত ছবিটি অনেক পুরনো। ফ্যাক্টওয়াচ বিষয়টি নিয়ে অনুসন্ধান করলে দেখা যায়, ব্যবহৃত এই ছবিটি ২০১৬ সালের। "Daily Sun"- ২০১৬ সালের ১২ ফেব্রুয়ারী তাদের একটি প্রতিবেদনে এই ছবিটি ব্যবহার করে। অর্থাৎ, ইদানীংকালে ব্যবহৃত এই ছবিটি কমপক্ষে পাঁচ বছর পুরনো। যেহেতু সংবাদে বর্ণিত ঘটনাটি সত্য কিন্তু ব্যবহৃত ছবিটি পুরনো তাই ফ্যাক্টওয়াচ এটিকে "অর্ধসত্য" বলে চিহ্নিত করছে।

উক্ত শিরোনামে ২৬ জুলাই ২০২১ তারিখে সংবাদটি ফেসবুকে ছড়িয়ে পড়ে। "সময়" এবং "radioshongi.com"-সহ আরোও কয়েকটি ফেসবুক পেজের বরাত দিয়ে সংবাদটি ভাইরাল হতে দেখা যায়। এমন কিছু ফেসবুক পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

এছাড়াও "atn24news.com" এবং "greenbangladesh24.com" সহ কয়েকটি অনলাইন নিউজ পোর্টাল থেকেও এই ছবি সংবলিত সংবাদটি প্রকাশিত হয়।

বিষয়বস্তু

ভাইরাল হওয়া এই সংবাদে দাবি করা হয়, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে খেলার মাঠে গরু ঢোকে পড়াকে কেন্দ্র করে দুই গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ হয়। সেখানে ২০ জনের মত আহত হয়। সেখানে একটি ছবিও ব্যবহার করা হয়। যেখানে দেখা যাচ্ছে, ২০ থেকে ৩০ জন মানুষ দেশীয় অস্ত্র হাতে মুখোমুখি অবস্থান করছে।

অনুসন্ধান

ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভাইরাল হওয়া এই সংবাদে যে ঘটনার কথা উল্লেখ করা হচ্ছে তা সত্য। মূলধারার কয়েকটি গণমাধ্যমও এই সংবাদটি প্রকাশ করেছে।

"rtvonline.com" এবং "banglatribune.com"- উক্ত ঘটনায় আহতদের ছবিসহ দুইটি আলাদা প্রতিবেদন প্রকাশ করেছে।

কিন্তু অনেকগুলো ফেসবুক পোস্টে দেখা গিয়েছে একই সংবাদে ভিন্ন একটি ছবি ব্যবহার করতে। "গুগল রিভার্স ইমেজ সার্চ"- এর সাহায্যে দেখা যায় ব্যবহৃত এই ছবিটি ২০১৬ সালের। ১২ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখে "50 injured in B'baria clash"- শিরোনামে "Daily Sun" একটি প্রতিবেদন প্রকাশ করে। সেখানে এই ছবিটি "Representational Pic" হিসেবে ব্যবহার করা হয়। অর্থাৎ, উপরোল্লিখিত সংবাদগুলোতে যে ছবিটি ব্যবহার করা হচ্ছে সেটি ব্রাহ্মণবাড়িয়ার হলেও তা আজ থেকে কমপক্ষে পাঁচ বছর পুরনো এবং ভিন্ন একটি সংঘর্ষের।

২০১৬ সালের ওই ঘটনার বিস্তারিত জানতে "Daily Sun"- এর প্রতিবেদনটি পড়ুন এখানে।

অন্যদিকে, "bd24live.com"- নামের একটি অনলাইন নিউজ পোর্টাল এই একই ঘটনা নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে। সেখানে "প্রতীকী" ছবি হিসেবে ২০১৬ সালের ওই ছবিটি ব্যবহার করা হয়। ধারণা করা হচ্ছে, বাকি নিউজ পোর্টালগুলো এই ছবিটিকেই সম্প্রতি ঘটে যাওয়া ঘটনার ছবি ভেবে, কোনো ধরনের ক্যাপশন ছাড়াই প্রকাশ করে যাচ্ছে। যার ফলে মানুষের মধ্যে এক ধরনের বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত

পরিশেষে দেখা যায় যে, ভাইরাল হওয়া এই সংবাদগুলোতে যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটি বেশ পুরনো এবং ভিন্ন একটি সংঘর্ষের। কিন্তু প্রকাশিত ছবিটি পুরনো হওয়া সত্ত্বেও যেহেতু উল্লেখিত ঘটনাটি সত্য তাই ফ্যাক্টওয়াচ এগুলোকে "অর্ধসত্য" হিসেবে চিহ্নিত করছে।

End of document

Edited Report:

Commented [Office1]: Where is the decision?

Commented [Office2]: Where it is?

"খেলার মাঠে গরু প্রবেশ করায় ব্রাহ্মণবাড়িয়ার দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- বিভ্রান্তিকর

২৬ জুলাই ২০২১ তারিখে "খেলার মাঠে গরু ঢুকায় ব্রাহ্মণবাড়িয়ায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যায়। সংবাদটি সঠিক হলেও সেখানে ব্যবহৃত ছবিটি ২০১৬ সালের। ছবিটিও ব্রাহ্মণবাড়িয়ার ভিন্ন দুটি অঞ্চলের মধ্যে ঘটে যাওয়া একটি সংঘর্ষের। একই জেলার একটি অঞ্চলের সংঘর্ষের খবরের সাথে পাঁচ বছর আগে ঘটে যাওয়া অন্য একটি অঞ্চলের ছবি জুড়ে দেয়ায় পাঠক বিভ্রান্ত হতে পারেন। তাই ফ্যাক্টওয়াচ এই খবরটিকে বিভ্রান্তিকর হিসেবে আখ্যায়িত করছে।

২৬ জুলাই ২০২১ তারিখে সংবাদটি ফেসবুকে ছড়িয়ে পড়ে। "সময়" এবং "radio-shongi.com"-সহ আরো কয়েকটি ফেসবুক পেজের বরাত দিয়ে সংবাদটি ভাইরাল হতে দেখা যায়। এমন কিছু ফেসবুক পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

এছাড়াও "atn24news.com" এবং "greenbangladesh24.com" সহ কয়েকটি অনলাইন নিউজ পোর্টাল থেকেও এই ছবি সংবলিত সংবাদটি প্রকাশিত হয়।

বিষয়বস্তু

ভাইরাল হওয়া এই সংবাদে দাবি করা হয়, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগরে খেলার মাঠে গরু ঢুকে পড়া নিয়ে দুই গ্রামবাসীর মধ্যে সংঘর্ষ হয়। সেখানে ২০ জনের মত আহত হয়। এই সংবাদের সাথে একটি ছবিও ব্যবহার করা হয়। সেখানে দেখা যায়, ২০ থেকে ৩০ জন মানুষ দেশীয় অস্ত্র হাতে মুখোমুখি অবস্থান করছে।

অনুসন্ধান

ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভাইরাল হওয়া এই সংবাদে যে ঘটনার কথা উল্লেখ করা হচ্ছে তা সত্য। মূলধারার কয়েকটি গণমাধ্যমও এই সংবাদটি প্রকাশ করেছে।

"rtvonline.com" এবং "banglatribune.com"- উক্ত ঘটনায় আহতদের ছবিসহ দুইটি আলাদা প্রতিবেদন প্রকাশ করেছে।

কিন্তু অনেকগুলো ফেসবুক পোস্টে দেখা গিয়েছে একই সংবাদের সাথে ভিন্ন একটি ছবি ব্যবহার করতে। "গুগল রিভার্স ইমেজ সার্চ"- এর সাহায্যে দেখা যায় ব্যবহৃত এই ছবিটি ২০১৬ সালের। ১২ ফেব্রুয়ারী, ২০১৬ তারিখে "50 injured in B'baria clash"- শিরোনামে "Daily Sun" একটি প্রতিবেদন প্রকাশ করে। সেখানে এই পুরনো ছবিটি ব্যবহার করা হয়। অর্থাৎ, উপরোল্লিখিত সংবাদগুলোতে যে ছবিটি ব্যবহার করা হচ্ছে সেটি ব্রাহ্মণবাড়িয়ার হলেও তা আজ থেকে কমপক্ষে পাঁচ বছর পুরনো এবং ভিন্ন একটি সংঘর্ষের।

২০১৬ সালের ওই ঘটনার বিস্তারিত জানতে "Daily Sun"- এর প্রতিবেদনটি পড়ুন এখানে।

অন্যদিকে, "bd24live.com"- নামের একটি অনলাইন নিউজ পোর্টাল এই একই ঘটনা নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে। সেখানে "প্রতীকী" ছবি হিসেবে ২০১৬ সালের ওই ছবিটি ব্যবহার করা হয়। ধারণা করা হচ্ছে, বাকি নিউজ পোর্টালগুলো এই ছবিটিকেই সম্প্রতি ঘটে যাওয়া ঘটনার ছবি ভেবে, কোনো ধরনের ক্যাপশন ছাড়াই প্রকাশ করে যাচ্ছে। যার ফলে মানুষের মধ্যে এক ধরনের বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত

ভাইরাল হওয়া এই সংবাদগুলোর বেশিরভাগের বেলায় যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটি পুরনো এবং একই এলাকায় ঘটে যাওয়া ভিন্ন একটি সংঘর্ষের। ছবি এবং ঘটনা একই জেলায় কাছাকাছি এলাকায় হওয়ায় পুরনো ছবিটি পাঠককে বিভ্রান্ত করতে পারে। এর মধ্যে মাত্র একটি পোর্টাল ছবিটিকে "প্রতীকী" বলে একটা ডিসক্লেইমার দিয়েছে। কিন্তু বাকি পোর্টালগুলো সেরকম কিছুই লিখে নি। ফলে ফ্যাক্টওয়াচ এই প্রতিবেদনটিকে বিভ্রান্তিকর আখ্যা দিচ্ছে।

End of document

Published Report:

https://www.fact-watch.org/web/bbaria-clash/

SLIDER ইন্টারনেট গুজব বাংলাদেশ

"খেলার মাঠে গরু প্রবেশ করায় ব্রাহ্মণবাড়িয়ার দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- বিভ্রান্তিকর

২৬ জুলাই ২০২১ তারিখে "খেলার মাঠে গরু ঢুকায় ব্রাহ্মণবাড়িয়ায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ- শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যায়। সংবাদটি সঠিক হলেও সেখানে ব্যবহৃত ছবিটি ২০১৬ সালের। ছবিটিও ব্রাহ্মণবাড়িয়ার ভিন্ন দুটি অঞ্চলের মধ্যে ঘটে যাওয়া একটি সংঘর্ষের। একই জেলার একটি অঞ্চলের সংঘর্ষের খবরের সাথে পাঁচ বছর আগে ঘটে যাওয়া অন্য একটি অঞ্চলের ছবি জুড়ে দেয়ায় পাঠক বিভ্রান্ত হতে পারেন। তাই ফ্যাক্টওয়াচ এই খবরটিকে বিভ্রান্তিকর হিসেবে আখ্যায়িত করছে।

Mistakes:

Before Editing	After Editing
"খেলার মাঠে গরু ঢুকায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- খবরটি অর্ধসত্য	"খেলার মাঠে গরু প্রবেশ করায় দুই গ্রামের মধ্যে সংঘর্ষ"- বিভ্রান্তিকর
পরিশেষে দেখা যায় যে, ভাইরাল হওয়া এই সংবাদগুলোতে যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটি বেশ পুরনো এবং ভিন্ন একটি সংঘর্ষের। কিন্তু প্রকাশিত ছবিটি পুরনো হওয়া সত্ত্বেও যেহেতু উল্লেখিত ঘটনাটি সত্য তাই ফ্যাক্টওয়াচ এগুলোকে "অর্ধসত্য" হিসেবে চিহ্নিত করছে।	ভাইরাল হওয়া এই সংবাদগুলোর বেশিরভাগের বেলায় যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটি পুরনো এবং একই এলাকায় ঘটে যাওয়া ভিন্ন একটি সংঘর্ষের। ছবি এবং ঘটনা একই জেলায় কাছাকাছি এলাকায় হওয়ায় পুরনো ছবিটি পাঠককে বিভ্রান্ত করতে পারে। এর মধ্যে মাত্র একটি পোর্টাল ছবিটিকে "প্রতীকী" বলে একটা

	ডিসক্লেইমার দিয়েছে। কিন্তু বাকি পোর্টালগুলো সেরকম কিছুই লিখে নি। ফলে ফ্যাক্টওয়াচ এই প্রতিবেদনটিকে বিভ্রান্তিকর আখ্যা দিচ্ছে।

Learning: It was not that hard to debunk. The picture they use was not related to the story. In this project I have learnt how a fake claim can be debunked precisely.

PROJECT- 02

Project Type: Fact Check Report

Project Title: "চাষ করতে গিয়ে জমিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক"- পুরনো খবর নতুন করে ভাইরাল

Project Description: There was an irrelevant news spreading through social media. I have assigned to debunk it and come up with a fact checking report.

Responsibility: My job was to find the main source and debunk all the misleading information in this specific news.

Claim:

My findings & Report:

"চাষ করতে গিয়ে জ'মিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক"- পুরনো খবর নতুন করে ভাইরাল।

গত ২৪ জুলাই ২০২১ তারিখ থেকে "চাষ করতে গিয়ে জ'মিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক"- এমন শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে। সংবাদটি মূলত ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের এক কৃষককে ঘিরে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, মূল সংবাদটি ভারতের "The Times of India" সহ বেশ কয়েকটি গণমাধ্যমে ২০১৯ সালের ২২ জুলাই প্রকাশিত হয়। অর্থাৎ, সাম্প্রতিক সময়ে ভাইরাল হওয়া এই সংবাদটি দুই বছর পুরনো এবং বর্তমান সময়ে এর প্রাসঙ্গিকতা না থাকায় মানুষের মধ্যে এর ফলে বিভ্রান্তি সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে। আবার উক্ত সংবাদে ব্যবহৃত ছবিগুলোও পুরনো ও এডিট করা এবং উল্লেখিত তথ্যের মধ্যেও রয়েছে অসামঞ্জস্য। সবকিছু বিবেচনায় নিয়ে ফ্যাক্টওয়াচ সংবাদটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

গত ২৪ জুলাই ২০২১ তারিখ থেকে উক্ত শিরোনামের সংবাদটি ফেসবুকে বেশ ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে। "News Bangla", "আয়না" এবং " বিডি কৃষি টিভি"-সহ আরোও কয়েকটি ফেসবুক পেজ থেকে এই সংবাদটি প্রকাশ করা হয়েছে। এছাড়াও অনেক ফেসবুক ব্যবহারকারীকেও ঘটনাটি আমলে নিয়ে শেয়ার করতে দেখা গিয়েছে।

ঘটনাটি নিয়ে ফেসবুকে ছড়িয়ে পড়া কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।



অন্যদিকে "jagonews24.com", "bdkrishitv.com" এবং "bdtime24.net"-সহ বেশ কিছু ওয়েবসাইট থেকেও এই খবর নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। মূলত এইসব ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনের সূত্র ধরেই ফেসবুকে সংবাদটি ছড়িয়ে পড়তে দেখা গিয়েছে।

বিভিন্ন ওয়েবাসাইটে প্রকাশিত প্রতিবেদনগুলো দেখুন এখানে, এখানে এবং এখানে।

সংবাদের বিষয়বস্তু

"bdkrishitv.com"- এর প্রতিবেদনে ঘটনার কোনো তারিখ উল্লেখ না করে বলা করা হয়, "*যেনো স্বপ্নের মতো ঘটনা। কৃষক তার জমিতে চাষ করতে গিয়ে খুলে গেলো ভাগ্য। কাজ করতে করতে হঠাৎ ওই কৃষকের চোখে পড়ে একখণ্ড পাথর। তবে পাথরটি দেখতে একটু অন্যরকম লাগে তার কাছে, একটু চকচকও করতে থাকে পাথরটি।*" "jagonews24.com" এর প্রকাশিত সংবাদে আল্লাহ বক্স নামের সেই ব্যবসায়ীকে উদ্‌ধৃত করে আরোও বলা হয়, ঠিকঠাক পালিশ করলে এই হীরার দাম ৬০ লাখ টাকা পর্যন্ত হতে পারে। সবশেষে এমন হীরা পাওয়ার আরেকটি ঘটনা উল্লেখ করে বলা হয় " *চলতি বছরের ১২ জুন জন্নাগিরি গ্রামে ভেড়া চড়াতে গিয়ে হীরার টুকরা খুঁজে পান এক ভেড়া-পালক। প্রায় ৫০ লাখ টাকা বাজার দরের সেই হীরাটি তিনি বিক্রি করেন ২০ লাখ টাকায়।"*

অনুসন্ধান

এই ঘটনাটি নিয়ে ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে বেশ কিছু অসংগতি লক্ষ্য করা যায়। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, ঘটনাটির সময়কাল, সেখানে ব্যবহৃত ছবি এবং অন্যান্য কিছু তথ্য।

২০১৯ সালের ২২ জুলাই অর্থাৎ আজ থেকে দুই বছর আগে ভারতের একটি গণমাধ্যম " The Times of India"- এই ঘটনা নিয়ে একটি সংবাদ প্রকাশ করে। "Andhra Pradesh farmer strikes Rs 60 lakh diamomd in field"- শিরোনামের ওই প্রতিবেদনের সাথে সম্প্রতি ভাইরাল হওয়া সংবাদটি প্রায় হুবুহু মিলে যাচ্ছে। এমনকি "jagonews24.com" এর প্রতিবেদনে উল্লেখিত "চলতি বছরের ১২ জুন জন্নাগিরি গ্রামে ভেড়া চড়াতে গিয়ে হীরার টুকরা খুঁজে পান এক ভেড়া পালক"- এই ঘটনাটি মূলত 'The Times of India'- তে প্রকাশিত ২০১৯ সালের সেই প্রতিবেদন থেকেই নেওয়া। সেখানে বলা হয়, "*On June 12, a shepherd, while grazing his sheep at Jonnagiri village, found an eight-carat diamond, which he sold for Rs 20 lakh, while the actual price could be about Rs 50 lakh.*" লক্ষ্য করলে দেখা যাবে "jagonews24", ২০১৯ সালের ১২ জুনে ঘটে যাওয়া একটি ঘটনাকে ২০২১ সালে এসে "চলতি বছরের ১২ জুন" উল্লেখ করছে। যার ফলে পাঠকের মনে হতেই পারে, প্রতিবেদনে "চলতি বছর" বলতে আসলে ২০২১ সালকে বুঝানো হয়েছে যেহেতু ভাইরাল হওয়া এই সংবাদটি প্রকাশিত হয়েছে ২০২১ সালে। কিন্তু মূল ঘটনাটি আসলে ২০১৯ সালের। এর মাধ্যমে এক ধরনের বিভ্রান্তি সৃষ্টি হতে পারে। এছাড়াও "The Weather Channel" এই একই বিষয়ে ২০১৯ সালের ২২ জুলাই আরেকটি প্রতিবেদন প্রকাশ করে। এই দুটি প্রতিবেদন থেকে স্পষ্টই বুঝা যায় সাম্প্রতিক সময়ে ভাইরাল হওয়া এই সংবাদটি মূলত ২০১৯ সালের অর্থাৎ আজ থেকে দুই বছর আগের।

অন্যদিকে, প্রায় প্রত্যেকটি ফেসবুক পোস্ট এবং ওয়েবসাইটে যে ছবিটি ব্যবহার করা হচ্ছে সেখানেও রয়েছে অসংগতি। দুইটি আলাদা ছবিকে একসাথে যুক্ত করে কোনো ধরনের বিবরণ না দিয়েই ছবিটি ব্যবহার করা হচ্ছে। "গুগল রিভার্স ইমেইজ সার্চ"- এর মাধ্যমে দেখা যায়, ব্যবহৃত প্রথম অর্থাৎ হাতের বাঁ পাশের ছবিটি "The Hans India" -নামক একটি নিউজপোর্টাল ২০১৬ সালের ১৪ জুন "Diamond hunt commences"- শিরোনামে একটি প্রতিবেদনে ব্যবহার করে। সেই ছবিতে স্পষ্টভাবে পাঁচজনকে একটি মাঠে বসে থাকতে দেখা যায়। মূলত এই ছবি থেকে বাকিদের সরিয়ে শুধুমাত্র একজনকে রেখে ছবিটি পুনরায় এডিট করা হয়। বর্তমানে ভাইরাল হওয়া ফেসবুক পোস্ট এবং ওয়েবসাইটে মূলত এই এডিট করা পুরনো ছবিটিই ব্যবহার করা হচ্ছে।



HANS INDIA LATEST NEWS HYDERABAI

Diamond hunt commences

THE HANS INDIA | 14 Jun 2016 9:47 AM IST

আবার, হাতের ডান পাশে দ্বিতীয় যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটিও পুরনো একটি ছবি। একই পদ্ধতিতে ছবিটি নিয়ে অনুসন্ধান করা হলে দেখা যায়, "catholicweekly.com"- নামক একটি ওয়েবসাইটে ২০১৬ সালের ২৩ জুন ঠিক এই ছবিটিই প্রকাশ করা হয়। ছবিসূত্র হিসেবে "shutterstock" এর নাম ব্যবহার করা হয়।

Blood diamond: abuse and slavery will make your bracelet lose its sparkle

অর্থাৎ, পরিষ্কারভাবেই দেখা যাচ্ছে ব্যবহৃত দুইটি ছবিই ২০১৬ সালের। ছবিগুলোকে এডিট করে কোনো বিবরণ ছড়াই খবরের সাথে ব্যবহার করা হচ্ছে। আমরা যদি, "The Weather Channel" কিংবা "The Times of India"- এর প্রতিবেদনগুলো লক্ষ্য করি তাহলে দেখা যাবে সেখানে তারা ঘটনার কোনো ছবি ব্যবহার করেনি।

আরেকটি অসংগতি হচ্ছে সংবাদে ব্যবহৃত হীরার দাম নিয়ে। উল্লেখিত এই হীরার মূল্য ভারতের সংবাদমাধ্যম দাবি করছে তা ৬০ লাখ রুপি। কিন্তু ভাইরাল হওয়া সংবাদগুলোতে হীরার দাম ৬০ লাখ টাকা উল্লেখ করা হচ্ছে। অর্থাৎ এখানে রুপি এবং টাকার মধ্যে এক ধরনের গড়মিল দেখা যাচ্ছে।

সিদ্ধান্ত

উপরে বর্ণিত তথ্যের ভিত্তিতে দেখা যাচ্ছে, বর্তমানে যে সংবাদটি সামাজিক মাধ্যমে দেখা যাচ্ছে তা মূলত ২০১৯ সালের পুরনো একটি সংবাদ। সেখানে ঘটনার মূল সময়কাল উল্লেখ না করায় পাঠকদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে। আবার, সংবাদে ব্যবহৃত ছবি এবং তথ্যগুলোও অনেকাংশেই ঘটনার সঠিক চিত্র উপস্থাপন করছে না। যার ফলে সহজেই বিভ্রান্তি তৈরি হচ্ছে। তাই সবকিছু বিবেচনায় নিয়ে ফ্যাক্টওয়াচ সংবাদটিকে "বিভ্রান্তিকর" চিহ্নিত করছে।

উল্লেখ্য, গত ২৮ মে ২০২১ তারিখে অন্ধ্রপ্রদেশের এই কুরনল জেলায় আবারো এক কৃষকের হীরা পাওয়ার কথা গণমাধ্যমে এসেছে। সম্প্রতি 'India Today'- এর একটি প্রতিবেদনে বলা হচ্ছে কৃষিজমিতে আবারো এক কৃষকের ৩০ ক্যারট হীরা খুঁজে পাওয়ার ঘটনা ঘটেছে এবং পরবর্তীতে ওই কৃষক তা ১.২ কোটি রূপিতে বিক্রি করেছে বলে দাবি করা হচ্ছে। এই বিষয়ের সত্যতা যাচাই করতে পুলিশ তদন্ত করে যাচ্ছে বলে প্রতিবেদনে বলা হয়।

ধারণা করা যাচ্ছে, এমন একটি খবর আবারও আলোচনায় আসায় ২০১৯ সালের এর পুরনো ওই খবরটি আবারও ভাইরাল হয়ে থাকতে পারে।

Edited Copy:

"চাষ করতে গিয়ে জমিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক"- পুরনো খবর নতুন করে ভাইরাল

বিভ্রান্তিকর

গত ২৪ জুলাই ২০২১ তারিখ থেকে "চাষ করতে গিয়ে জমিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক"- এমন শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে। সংবাদটি মূলত ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের এক কৃষককে ঘিরে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, মূল সংবাদটি ভারতের "The Times of India" সহ বেশ কয়েকটি গণমাধ্যমে ২০১৯ সালের ২২ জুলাই প্রকাশিত হয়। অর্থাৎ, সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এই সংবাদটি দুই বছর আগের এবং এর ঘটনাস্থল বাংলাদেশ নয়। আবার, সংবাদে ব্যবহৃত ছবিগুলোও পুরনো ও এডিট করা এবং তথ্যের মধ্যেও রয়েছে অসামঞ্জস্য। সবকিছু বিবেচনায় নিয়ে ফ্যাক্টওয়াচ সংবাদটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

গত ২৪ জুলাই ২০২১ তারিখ থেকে উক্ত শিরোনামের সংবাদটি ফেসবুকে ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে। "News Bangla", "আয়না" এবং " বিডি কৃষি টিভি"-সহ আরোও কয়েকটি ফেসবুক পেজ থেকে এই সংবাদটি প্রকাশ করা হয়েছে। এছাড়াও অনেক ফেসবুক ব্যবহারকারীকেও ঘটনাটি আমলে নিয়ে শেয়ার করতে দেখা গিয়েছে।

ঘটনাটি নিয়ে ফেসবুকে ছড়িয়ে পড়া কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।



অন্যদিকে "jagonews24.com", "bdkrishitv.com" এবং "bdtime24.net"-সহ বেশ কিছু ওয়েবসাইট থেকেও এই খবর নিয়ে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। মূলত এইসব ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনের সূত্র ধরেই ফেসবুকে সংবাদটি ছড়িয়ে পড়তে দেখা গিয়েছে।

বিভিন্ন ওয়েবসাইটে প্রকাশিত প্রতিবেদনগুলো দেখুন এখানে, এখানে এবং এখানে।

সংবাদের বিষয়বস্তু

"bdkrishitv.com"- এর প্রতিবেদনে ঘটনার কোনো তারিখ উল্লেখ না করে বলা করা হয়, "*যেনো স্বপ্নের মতো ঘটনা। কৃষক তার জমিতে চাষ করতে গিয়ে খুলে গেলো ভাগ্য। কাজ করতে করতে হঠাৎ ওই কৃষকের চোখে পড়ে একখণ্ড পাথর। তবে পাথরটি দেখতে একটু অন্যরকম লাগে তার কাছে. একটু চকচকও করতে থাকে পাথরটি।*" "jagonews24.com" এর প্রকাশিত সংবাদে আল্লাহ বক্স নামের সেই ব্যবসায়ীকে উদৃধৃত করে আরোও বলা হয়, ঠিকঠাক পালিশ করলে এই হীরার দাম ৬০ লাখ টাকা পর্যন্ত হতে পারে। সবশেষে এমন হীরা পাওয়ার আরেকটি ঘটনা উল্লেখ করে বলা হয় " *চলতি বছরের ১২ জুন জন্নাগিরি গ্রামে ভেড়া চড়াতে গিয়ে হীরার টুকরা খুঁজে পান এক ভেড়া-পালক। প্রায় ৫০ লাখ টাকা বাজার দরের সেই হীরাটি তিনি বিক্রি করেন ২০ লাখ টাকায়।*"

অনুসন্ধান

এই ঘটনাটি নিয়ে ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে বেশ কিছু অসংগতি লক্ষ্য করা যায়। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, ঘটনাটির সময়কাল, ঘটনাস্থল, সংবাদে ব্যবহৃত ছবি এবং অন্যান্য কিছু তথ্য।

২০১৯ সালের ২২ জুলাই অর্থাৎ আজ থেকে দুই বছর আগে ভারতের একটি গণমাধ্যম " The Times of India"- এই ঘটনা নিয়ে একটি সংবাদ প্রকাশ করে। "Andhra Pradesh farmer strikes Rs 60 lakh diamomd in field"- শিরোনামের ওই প্রতিবেদনের সাথে সম্প্রতি ভাইরাল হওয়া সংবাদটি প্রায় হুবুহু মিলে যাচ্ছে। এমনকি "jagonews24.com" এর প্রতিবেদনে উল্লেখিত "চলতি বছরের ১২ জুন জন্নাগিরি গ্রামে ভেড়া চড়াতে গিয়ে হীরার টুকরা খুঁজে পান এক ভেড়া পালক"- এই ঘটনাটি মূলত 'The Times of India'- তে প্রকাশিত ২০১৯ সালের সেই প্রতিবেদন থেকেই নেওয়া। সেখানে বলা হয়, "*On June 12, a shepherd, while grazing his sheep at Jonnagiri village, found an eight-carat diamond, which he sold for Rs 20 lakh, while the actual price could be about Rs 50 lakh.*" লক্ষ্য করলে দেখা যাবে "jagonews24", ২০১৯ সালের ১২ জুনে ঘটে যাওয়া একটি ঘটনাকে ২০২১ সালে এসে "চলতি বছরের ১২ জুন" উল্লেখ করছে। যার ফলে পাঠকের মনে হতেই পারে, প্রতিবেদনে "চলতি বছর" বলতে আসলে ২০২১ সালকে বুঝানো হয়েছে যেহেতু ভাইরাল হওয়া এই সংবাদটি প্রকাশিত হয়েছে ২০২১ সালে। কিন্তু মূল ঘটনাটি আসলে ২০১৯ সালের।

এছাড়াও "The Weather Channel" এ বিষয়ে ২০১৯ সালের ২২ জুলাই আরেকটি প্রতিবেদন প্রকাশ করে। এই দুটি প্রতিবেদন থেকে স্পষ্টই বুঝা যায় সাম্প্রতিক সময়ে ভাইরাল হওয়া এই সংবাদটি মূলত ২০১৯ সালের অর্থাৎ আজ থেকে দুই বছর আগের।

THE TIMES OF INDIA

Andhra Pradesh farmer strikes Rs 60 lakh diamond in field

অন্যদিকে, প্রায় প্রত্যেকটি ফেসবুক পোস্ট এবং ওয়েবসাইটে যে ছবিটি ব্যবহার করা হচ্ছে সেখানেও রয়েছে অসংগতি। দুইটি আলাদা ছবিকে একসাথে যুক্ত করে কোনো ধরনের বিবরণ না দিয়েই ছবিটি ব্যবহার করা হচ্ছে। গুগল রিভার্স ইমেজ সার্চ এর মাধ্যমে দেখা যায়, বাম পাশের ছবিটি "The Hans India" -নামক একটি নিউজপোর্টাল ২০১৬ সালের ১৪ জুন "Diamond hunt commences"- শিরোনামে একটি প্রতিবেদনে ব্যবহার করে। সেই ছবিতে পাঁচজনকে একটি মাঠে বসে থাকতে দেখা যায়। মূলত এই ছবি থেকে বাকিদের সরিয়ে শুধুমাত্র একজনকে রেখে ছবিটি বর্তমানে ভাইরাল হওয়া ফেসবুক পোস্ট এবং ওয়েবসাইটে ব্যবহার করা হচ্ছে।

আবার, হাতের ডান পাশে দ্বিতীয় যে ছবিটি ব্যবহার করা হয়েছে সেটিও পুরনো একটি ছবি। একই পদ্ধতিতে ছবিটি নিয়ে অনুসন্ধান করা হলে দেখা যায়, "catholicweekly.com"- নামক একটি ওয়েবসাইটে ২০১৬ সালের ২৩ জুন ঠিক এই ছবিটিই প্রকাশ করা হয়। ছবিসূত্র হিসেবে "shutterstock" এর নাম ব্যবহার করা হয়।

অর্থাৎ, পরিষ্কারভাবেই দেখা যাচ্ছে ব্যবহৃত দুইটি ছবিই ২০১৬ সালের। ছবিগুলোকে এডিট করে খবরের সাথে ব্যবহার করা হচ্ছে। আমরা যদি, "The Weather Channel" কিংবা "The Times of India"- এর প্রতিবেদনগুলো লক্ষ্য করি তাহলে দেখা যাবে সেখানে তারা ঘটনার কোনো ছবি ব্যবহার করেনি।

আরেকটি অসংগতি হচ্ছে সংবাদে ব্যবহৃত হীরার দাম নিয়ে। উল্লেখিত এই হীরার মূল্য ভারতের সংবাদমাধ্যম দাবি করছে ৬০ লাখ রুপি। কিন্তু ভাইরাল হওয়া সংবাদগুলোতে হীরার দাম ৬০ লাখ টাকা উল্লেখ করা হচ্ছে। অর্থাৎ এখানে রুপি এবং টাকার মধ্যে এক ধরনের গড়মিল দেখা যাচ্ছে। এতে করে ভারতের সংবাদটিই যে বেমালুম বাংলাদেশের বলে চালিয়ে দেয়া হচ্ছে, এই ধারণা আরো জোরালো হয়।

সিদ্ধান্ত

উপরে বর্ণিত তথ্যের ভিত্তিতে দেখা যাচ্ছে, বর্তমানে যে সংবাদটি সামাজিক মাধ্যমে দেখা যাচ্ছে তা মূলত ২০১৯ সালের পুরনো একটি সংবাদ। সংবাদের উৎসস্থল ভারত। আবার, সংবাদে ব্যবহৃত ছবি এবং তথ্যগুলোও অনেকাংশেই ঘটনার সঠিক চিত্র উপস্থাপন করছে না। যার ফলে সহজেই বিভ্রান্তি তৈরি হচ্ছে। তাই সবকিছু বিবেচনায় নিয়ে ফ্যাক্টওয়াচ সংবাদটিকে "বিভ্রান্তিকর" চিহ্নিত করছে।

উল্লেখ্য, গত ২৮ মে ২০২১ তারিখে অন্ধ্রপ্রদেশের এই কুরনল জেলায় আবারো এক কৃষকের হীরা পাওয়ার কথা গণমাধ্যমে এসেছে। সম্প্রতি 'India Today'- এর একটি প্রতিবেদনে বলা হচ্ছে কৃষিজমিতে আবারো এক কৃষকের ৩০ ক্যারট হীরা খুঁজে পাওয়ার ঘটনা ঘটেছে এবং পরবর্তীতে ওই কৃষক তা ১.২ কোটি রুপিতে বিক্রি করেছে বলে দাবি করা হচ্ছে। এই বিষয়ের সত্যতা যাচাই করতে পুলিশ তদন্ত করে যাচ্ছে বলে প্রতিবেদনে বলা হয়।

ধারণা করা যাচ্ছে, এমন একটি খবর আবারও আলোচনায় আসায় ২০১৯ সালের এর পুরনো ওই খবরটি আবারও ভাইরাল হয়ে থাকতে পারে।

Published Copy:

https://www.fact-watch.org/web/diamond-farmer

ইন্টারনেট গুজব

“চাষ করতে গিয়ে জমিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক”- পুরনো খবর নতুন করে ভাইরাল

Published on: August 1, 2021

গত ২৪ জুলাই ২০২১ তারিখ থেকে “চাষ করতে গিয়ে জমিতে ৬০ লাখ টাকার হিরা পেলেন কৃষক”- এমন শিরোনামে একটি সংবাদ সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়তে দেখা যাচ্ছে। সংবাদটি মূলত ভারতের অন্ধ্রপ্রদেশ রাজ্যের এক কৃষককে ঘিরে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, মূল সংবাদটি ভারতের “The Times of India” সহ বেশ কয়েকটি গণমাধ্যমে ২০১৯ সালের ২২ জুলাই প্রকাশিত হয়। অর্থাৎ, সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়া এই সংবাদটি দুই বছর আগের এবং এর ঘটনাস্থল বাংলাদেশ নয়। আবার, সংবাদে ব্যবহৃত ছবিগুলোও পুরনো ও এডিট করা এবং তথ্যের মধ্যেও রয়েছে অসামঞ্জস্য। সবকিছু বিবেচনায় নিয়ে ফ্যাক্টওয়াচ সংবাদটিকে “বিভ্রান্তিকর” হিসেবে চিহ্নিত করছে।

Mistakes:

Before Editing	After Editing
সাম্প্রতিক সময়ে ভাইরাল হওয়া এই সংবাদটি দুই বছর পুরনো এবং বর্তমান সময়ে এর প্রাসঙ্গিকতা না থাকায় মানুষের মধ্যে এর ফলে বিভ্রান্তি সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে।	সাম্প্রতিক সময়ে ভাইরাল হওয়া এই সংবাদটি দুই বছর পুরনো এবং এর ঘটনাস্থল বাংলাদেশ নয়।
সেখানে ঘটনার মূল সময়কাল উল্লেখ না করায় পাঠকদের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি হতে পারে।	সংবাদের উৎসস্থল ভারত

Learning: In this project I have learnt a lot about international sources. There were more than one inconsistency. So, I have learnt how to summarize the report when there are more inconsistencies. Also the editor appreciated me about this report.

PROJECT- 3

Project Type: Fact Check Report

Project Title: "কিশোরগঞ্জে অ্যাসাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- গুজব ভাইরাল

Project Description: The aforementioned claim was circulating through Facebook without any authentic source. It was the lockdown period so we had to debunk this claim because it could have destabilized the situation.

Responsibility: It was a claim without any source. So, my responsibility was to find the validity of this claim.

Original Claim:



My findings & Report:

"কিশোরগঞ্জে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- খবরটি বিভ্রান্তিকর

গত ২৪ জুলাই ২০২১ তারিখে, "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে একটি খবর সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এরপর থেকেই খবরটি নিয়ে মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। ফ্যাক্ট-ওয়াচের অনুসন্ধানে দেখা যায়, উক্ত খবর সম্পর্কে বিস্তারিত কোনো তথ্য সেখানে দেখতে পাওয়া যায়নি। মূলধারার কোনো সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায় নি। এছাড়া কিশোরগঞ্জের মূলধারার সাংবাদিক এবং জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করলে তারা নিশ্চিত করেন যে, এমন কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি।

এমন একটি খবর করোনাকালীন পরিস্থিতিতে মানুষের মধ্যে বিভ্রান্ত ছড়াচ্ছে। এই প্রেক্ষিতে ফ্যাক্টওয়াচ এই খবরটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

২৪ জুলাই ২০২১ তারিখে "Abid" নামের একটি ফেসবুক পেজ থেকে "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে একটি তথ্য প্রকাশ করা হয়। এরপর থেকে এই তথ্যটি ফেসবুকে ছড়িয়ে পড়তে শুরু করে। এছাড়াও "SSC Batch 2021", "SSC &HSC ব্যাচ ক্ষতিপূরণ চাই"- নামক বিভিন্ন ফেসবুক গ্রুপ এবং বিভিন্ন ব্যাক্তিগত অ্যাকাউন্টের মাধ্যমেও তথ্যটি ছড়িয়ে পড়ে।

ফেসবুকে এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

খবরে দাবি করা হয় যে, কিশোরগঞ্জ সদর উপজেলায় করোনাকালীন বিধিনিষেধের মধ্যে জনৈক শিক্ষার্থী কাগজ কিনতে বের হলে তাকে দুই মাসের জেল দেওয়া হয়। এর বাইরে কোনো ধরনের বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

অনুসন্ধান

খবরটি অনুসন্ধান করলে কয়েকটি বিষয় উঠে আসে। প্রথমত, এই তথ্যের কোনো সূত্র খুঁজে পাওয়া যায়নি। যে মহল থেকে খবরটি প্রকাশ করা হয় সেখানে কোনো ধরনের তথ্যসূত্র কিংবা বিস্তারিত কিছু জানা যায়নি। শিক্ষার্থীর পরিচয় কিংবা কোন কর্মকর্তার অধীনে জেলে নেওয়া হলো এমন কোনো নির্দিষ্ট তথ্য সেখানে দেখতে পাওয়া যায় না। এমনকি ফেসবুকে ছড়িয়ে পড়া এই পোস্টগুলোর মন্তব্যে অনেক ব্যবহারকারী তথ্যসূত্র জানতে চাইলে তাদেরও সঠিক কোনো জবাব দিতে পারেনি এই পেজ এবং গ্রুপগুলো।

বাংলাদেশের বিভিন্ন মূলধারার সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায়নি। দৈনিক কালের কন্ঠের কিশোরগঞ্জ জেলার প্রতিনিধি শফিক আদনান জানান যে কিশোরগঞ্জে এমন কোনো ঘটনা ঘটেছে বলে কোনো তথ্য তার কাছে আসেনি।

অন্যদিকে, এমন একটি খবরের সত্যতা জানতে যোগাযোগ করা হয় কিশোরগঞ্জ জেলা প্রশাসন এবং জেলা পরিষদে। মোহাম্মদ শামীম আলম, জেলা প্রশাসক এবং বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ফ্যাক্টওয়াচকে এই বিষয়ে নিশ্চিত করেন যে এমন কোনো ঘটনা তার জেলায় ঘটেনি। তিনি বলেন," লকডাউনে কোনো শিক্ষার্থীকে ২ মাসের জেল দেওয়ার মতো কোনো ঘটনা এখানে ঘটেনি।" এছাড়াও কিশোরগঞ্জ জেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা, স্থানীয় সরকার এবং ট্রেজারী শাখার সহকারী কমিশনার শফিকুল ইসলাম জানান যে তিনি এমন কোনো ঘটনা সম্পর্কে শুনতে পাননি।

এমন একটি সংবাদ ফেসবুকে ভাইরাল হলে মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। নিশ্চিত কোনো তথ্যসূত্র না থাকায় মানুষের মধ্যে এক প্রকারের বিভ্রান্তি দেখতে পাওয়া যায়।

মানুষের প্রতিক্রিয়ার কিছু নমুনা



সিদ্ধান্ত

ফেসবুকে ভাইরাল হওয়া এই খবরটির অসংগতি বিবেচনা করলে দেখা যায়, খবরের কোনো তথ্যসূত্র নেই, মূলধারার স্থানীয় সাংবাদিকেরাও এমন কোনো ঘটনা সম্পর্কে অবগত নয় এবং প্রশাসনিক কর্মকর্তাদের দাবি এমন কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি। বিস্তারিত তথ্য ছাড়া এমন একটি খবর জনমনে বিভ্রান্তির সৃষ্টি করছে। তাই সবকিছু বিবেচনা করে এই খবরটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।

Edited Copy:

"কিশোরগঞ্জে অ্যাসাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- গুজব ভাইরাল

মিথ্যা

গত ২৪ জুলাই ২০২১ তারিখে, "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে একটি তথ্য ফেসবুক স্ট্যাটাস আকারে ছড়িয়ে পড়ে। এ সম্পর্কে বিস্তারিত কোনো তথ্যসূত্র সেখানে ছিল না। মূলধারার কোনো সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায় নি। এছাড়া কিশোরগঞ্জের মূলধারার একাধিক সাংবাদিকের সাথে আলাপ করে এরকম কোনো ঘটনার হদিস পাওয়া যায় নি। কিশোরগঞ্জের জেলা প্রশাসক ফ্যাক্টওয়াচকে নিশ্চিত করেন যে, শিক্ষার্থীকে জেলে দেয়ার মত কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি। করোনাকালীন লকডাউন পরিস্থিতিতে মানুষকে বিভ্রান্ত করার উদ্দেশ্য থেকে এসব মিথ্যা তথ্য ছড়াচ্ছে বলে ফ্যাক্টওয়াচ মনে করছে।

২৪ জুলাই ২০২১ তারিখে "Abid" নামের একটি ফেসবুক পেজ থেকে "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে একটি তথ্য প্রকাশ করা হয়। এরপর থেকে এই তথ্যটি ফেসবুকে ছড়িয়ে পড়তে শুরু করে। এছাড়াও "SSC Batch 2021", "SSC &HSC ব্যাচ ক্ষতিপূরণ চাই"- নামক বিভিন্ন ফেসবুক গ্রুপ এবং বিভিন্ন ব্যাক্তিগত অ্যাকাউন্টের মাধ্যমেও তথ্যটি ছড়িয়ে পড়ে।

ফেসবুকে এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

খবরে দাবি করা হয় যে, কিশোরগঞ্জ সদর উপজেলায় করোনাকালীন বিধিনিষেধের মধ্যে জনৈক শিক্ষার্থী কাগজ কিনতে বের হলে তাকে দুই মাসের জেল দেওয়া হয়। এর বাইরে কোনো ধরনের বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

অনুসন্ধান

খবরটি অনুসন্ধান করলে কয়েকটি বিষয় উঠে আসে। প্রথমত, এই তথ্যের কোনো সূত্র খুঁজে পাওয়া যায়নি। যে মহল থেকে খবরটি প্রকাশ করা হয় সেখানে কোনো ধরনের তথ্যসূত্র কিংবা বিস্তারিত কিছু জানা যায়নি। শিক্ষার্থীর পরিচয় কিংবা কোন কর্মকর্তার অধীনে জেলে নেওয়া হলো এমন কোনো নির্দিষ্ট তথ্য সেখানে দেখতে পাওয়া যায় না। এমনকি ফেসবুকে ছড়িয়ে পড়া এই পোস্টগুলোর মন্তব্যে অনেক ব্যবহারকারী তথ্যসূত্র জানতে চাইলে তাদেরও সঠিক কোনো জবাব দিতে পারেনি এই পেজ এবং গ্রুপগুলো।

বাংলাদেশের বিভিন্ন মূলধারার সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায়নি। দৈনিক কালের কন্ঠের কিশোরগঞ্জ জেলার প্রতিনিধি শফিক আদনান জানান যে কিশোরগঞ্জে এমন কোনো ঘটনা ঘটেছে বলে কোনো তথ্য তার কাছে আসেনি। দৈনিক প্রথম আলো-র ভৈরব ব্যুরো অফিসের সাংবাদিক সুমন মোল্লার মাধ্যমেও এ খবরের সত্যতা মূলধারার কিশোরগঞ্জের বিভিন্ন নেতৃস্থানীয় সাংবাদিকের সাথে যাচাই করা হয়। কেউই এমন কোনো ঘটনার কথা শোনেন নি।

অন্যদিকে, এমন একটি খবরের সত্যতা জানতে যোগাযোগ করা হয় কিশোরগঞ্জ জেলা প্রশাসন এবং জেলা পরিষদে। জেলা প্রশাসক এবং জেলা ম্যাজিস্ট্রেট ফ্যাক্টওয়াচকে এই বিষয়ে নিশ্চিত করেন যে এমন কোনো ঘটনা কিশোরগঞ্জ জেলায় ঘটেনি। তিনি বলেন," লকডাউনে কোনো শিক্ষার্থীকে ২ মাসের জেল দেওয়ার মতো কোনো ঘটনা এখানে ঘটেনি।" এছাড়াও কিশোরগঞ্জ জেলা পরিষদের তথ্য প্রদানকারী কর্মকর্তা, স্থানীয় সরকার এবং ট্রেজারী শাখার সহকারী কমিশনার শফিকুল ইসলাম জানান যে তিনি এমন কোনো ঘটনা সম্পর্কে শুনতে পাননি।

এমন একটি সংবাদ ফেসবুকে ভাইরাল হলে মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। নিশ্চিত কোনো তথ্যসূত্র না থাকায় মানুষের মধ্যে এক প্রকারের বিভ্রান্তি দেখতে পাওয়া যায়।

মানুষের প্রতিক্রিয়ার কিছু নমুনা



সিদ্ধান্ত

ফেসবুকে ভাইরাল হওয়া এই খবরটির অসংগতি বিবেচনা করলে দেখা যায়, খবরের কোনো তথ্যসূত্র নেই, মূলধারার স্থানীয় সাংবাদিকেরাও এমন কোনো ঘটনা সম্পর্কে অবগত নয় এবং প্রশাসনিক কর্মকর্তাদের দাবি এমন কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি। বিস্তারিত তথ্য ছাড়া এমন একটি ফেসবুক স্ট্যাটাসকে ফ্যাক্টওয়াচ সঙ্গত কারণেই মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত মনে করছে।

Published Copy:

https://www.fact-watch.org/web/kishorganj/



SLIDER ইন্টারনেট গুজব শিক্ষা ও সংস্কৃতি

"কিশোরগঞ্জে অ্যাসাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- তথ্যটি বিভ্রান্তিকর

ইন্টারনেট গুজব শিক্ষা

Published on: July 25, 2021

গত ২৪ জুলাই ২০২১ তারিখে, "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে একটি তথ্য ফেসবুক স্ট্যাটাস আকারে ছড়িয়ে পড়ে। এ সম্পর্কে বিস্তারিত কোনো তথ্যসূত্র পোস্টগুলোতে উল্লেখ ছিল না। কিশোরগঞ্জের স্থানীয় এবং মূলধারার কোনো সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায় নি। যদিও কিশোরগঞ্জের জেলা প্রশাসক ফ্যাক্টওয়াচকে নিশ্চিত করেন যে, শিক্ষার্থীকে জেলে দেয়ার মত কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি। কিন্তু চলমান লকডাউন কার্যকর করতে চার ধরনের আইন ব্যবহার করা হচ্ছে। সংক্রামক ব্যাধি আইন, মোটর যান আইন, ডিএমপি অ্যাক্ট এবং মোবাইল কোর্ট দ্বারা অনেকেই লকডাউন ভঙ্গের অভিযোগে গ্রেপ্তার হচ্ছেন। এমতাবস্থায়, উপযুক্ত তথ্যপ্রমাণের অভাবে উক্ত ফেসবুক পোস্টের দাবিটি সূত্রহীন হলেও সম্ভাবনার বিচারে তাকে "বিভ্রান্তিকর" আখ্যা দিচ্ছে ফ্যাক্টওয়াচ। (রেটিং সংশোধনী: আগে "মিথ্যা" রেটিং দেয়া হয়েছিল।)

Mistakes:

Before Editing	After Editing
"কিশোরগঞ্জে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- খবরটি বিভ্রান্তিকর	"কিশোরগঞ্জে অ্যাসাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- গুজব ভাইরাল
শিরোনামে একটি খবর সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে। এরপর থেকেই খবরটি নিয়ে মানুষের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়। ফ্যাক্ট-ওয়াচের অনুসন্ধানে দেখা যায়, উক্ত খবর সম্পর্কে বিস্তারিত কোনো তথ্য সেখানে দেখতে পাওয়া যায়নি। মূলধারার কোনো সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায় নি। এছাড়া কিশোরগঞ্জের মূলধারার সাংবাদিক এবং জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করলে তারা নিশ্চিত করেন যে, এমন কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি।	শিরোনামে একটি তথ্য ফেসবুক স্ট্যাটাস আকারে ছড়িয়ে পড়ে। এ সম্পর্কে বিস্তারিত কোনো তথ্যসূত্র সেখানে ছিল না। মূলধারার কোনো সংবাদমাধ্যমেও এমন কোনো সংবাদ খুঁজে পাওয়া যায় নি। এছাড়া কিশোরগঞ্জের মূলধারার একাধিক সাংবাদিকের সাথে আলাপ করে এরকম কোনো ঘটনার হদিস পাওয়া যায় নি। কিশোরগঞ্জের জেলা প্রশাসক ফ্যাক্টওয়াচকে নিশ্চিত করেন যে, শিক্ষার্থীকে জেলে দেয়ার মত কোনো ঘটনা কিশোরগঞ্জে ঘটেনি। করোনাকালীন লকডাউন পরিস্থিতিতে মানুষকে

এমন একটি খবর করোনাকালীন পরিস্থিতিতে মানুষের মধ্যে বিভ্রান্ত ছড়াচ্ছে। এই প্রেক্ষিতে ফ্যাক্টওয়াচ এই খবরটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।	বিভ্রান্ত করার উদ্দেশ্য থেকে এসব মিথ্যা তথ্য ছড়াচ্ছে বলে ফ্যাক্টওয়াচ মনে করছে।
বিস্তারিত তথ্য ছাড়া এমন একটি খবর জনমনে বিভ্রান্তির সৃষ্টি করছে। তাই সবকিছু বিবেচনা করে এই খবরটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।	বিস্তারিত তথ্য ছাড়া এমন একটি ফেসবুক স্ট্যাটাসকে ফ্যাক্টওয়াচ সঙ্গত কারণেই মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত মনে করছে।

Learning: To debunk this claim I had to talk to the District Magistrate and other officials from that district. Also I had to find at least one journalist from a reputed media house. So, I had to do a lot of networking for that particular report. As we had no clue about the claim so we flagged that claim as a false claim. But after gave a deep thought we came up with a decision that the claim was hard to verify. What if the incident was actually happened but we don't know. This is the reason we changed the rating as "misleading".

সংশোধনী:
শুরুতে "ব্রেকিং নিউজ, কিশোরগঞ্জ সদরে আস্যাইনমেন্টের কাগজ কিনতে গিয়ে এক শিক্ষার্থীর ২ মাসের জেল"- শিরোনামে ফেসবুক পোস্টগুলো মিথ্যা বলে সিদ্ধান্ত নিয়েছিল ফ্যাক্টওয়াচ। যেহেতু (১) ওসব ফেসবুক স্ট্যাটাসে কোনো সূত্র উল্লেখ করা হয় নি, এবং (২) কিশোরগঞ্জের নেতৃস্থানীয় সাংবাদিক ও প্রশাসনের কর্তাব্যক্তিরা এমন কোনো ঘটনার অস্তিত্ব অবগত নন, ফলে এটির গুজব হওয়ার সম্ভাবনাই বেশি। কিন্তু পরবর্তীতে আমরা খেয়াল করেছি, চলমান লকডাউন কার্যকর করতে মাঠে রয়েছে পুলিশ ও র‍্যাবের সাথে ৫০টিরও বেশি মোবাইল কোর্ট এবং অনেকেই লকডাউন ভঙ্গের অভিযোগে গ্রেপ্তার হচ্ছেন। এই প্রেক্ষাপট থেকে কেবলমাত্র দায়িত্বশীল ব্যক্তিবর্গের সাক্ষ্যের ভিত্তিতে এই পোস্টের সত্যাসত্য যাচাই করা দূরূহ বলে ফ্যাক্টওয়াচ মনে করে। ব্যক্তির নজরে অনেক কিছুই এড়িয়ে যেতে পারে। তাই উপযুক্ত তথ্যপ্রমাণের অভাবে ফ্যাক্টওয়াচ পূর্বের সিদ্ধান্ত সংশোধন করে এই পোস্টের রেটিং "মিথ্যা" থেকে "বিভ্রান্তিকর" পরিবর্তন করেছে।

PROJECT- 4

Project Type: Fact Check Report

Project Title: "পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংক নোট বাংলাদেশের দুই টাকা"- কতটা সত্য?

Project Description: This claim was about a Bangladeshi bank note. It said that the two Taka note was awarded as the most beautiful bank note of the world.

Responsibility: My responsibility was to debunk this claim, to find if there is any valid source behind this and also the main source of that viral claim.

Fake Report:

ক্যাম্পাসিয়ান পরিবার
Jul 23 ·

পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট বাংলাদেশের 'দুই টাকা'।
বাংলাদেশের দুই টাকা পৃথিবীর সবচেয়ে সুন্দর কাগুজে নোট!
এমন খবরে হয়তো আশ্চর্য হয়েছেন, কিন্তু আপনি জানেন কি? পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট নিয়ে ২০১২ সালে রাশিয়ার একটি বিনোদন পত্রিকা বিশ্বজুড়ে জরিপ চালিয়েছে। সেখানে প্রথম হয়েছে বাংলাদেশের দুই টাকার নোট। ... See More

My findings & Report:

"পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংক নোট বাংলাদেশের দুই টাকা"- কতটা সত্য?

গত জুলাই মাস থেকে "পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংক নোট বাংলাদেশের দুই টাকা" এমন শিরোনামে বেশ কিছু ফেসবুক পোস্ট ব্যপকভাবে ছড়িয়ে পড়ছে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, খবরটি ২০১২ সালের এবং প্রকাশিত খবরের কোথাও উল্লেখিত জরিপের নাম বা কোনো ধরনের তথ্যসূত্র দেওয়া হয়নি। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানেও খবরটির সত্যতা যাচাই করা যায়নি। কিন্তু সংবাদটি নয় বছর পুরানো হওয়ায় এবং বর্তমানে এর প্রাসঙ্গিকতা না থাকায় ফ্যাক্টওয়াচ এটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

গত জুলাই মাস থেকে "ক্যাম্পাসিয়ান পরিবার", " তথ্য ভান্ডার" কিংবা "বইয়ের শহর" সহ এমন বিভিন্ন ফেসবুক পেজ এবং গ্রুপের মাধ্যমে উক্ত শিরোনামে অনেকগুলো ফেসবুক পোস্ট প্রকাশিত হয়। এছাড়াও অনেক ফেসবুক ব্যবহারকারী তাদের ব্যক্তিগত অ্যাকাউন্টের মাধ্যমেও তথ্যটি শেয়ার করে। এর ফলে এই খবরটি ফেসবুকে ভাইরাল হতে শুরু করে।

ফেসবুকে এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

এছাড়াও কিছু অনলাইন নিউজ পোর্টালেও এই খবরটি প্রকাশিত হতে দেখা যায়। নিউজ পোর্টালে প্রকাশিত খবরগুলো দেখুন এখানে, এখানে এবং এখানে।

পোস্টের বিষয়বস্তু

সেখানে মূলত দাবি করা হচ্ছে, ২০১২ সালে পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংকনোট নিয়ে "রাশিয়ার একটি বিনোদন পত্রিকা" একটি জরিপ পরিচালনা করে। জরিপে দেখা যায়, বাংলাদেশের "দুই টাকা" নোটটি পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট হিসেবে বিজয়ী হয়। সেখানে আরোও বলা হয়, জরিপে দ্বিতীয় হয়েছে সাও টোমের ৫০ হাজার মূল্যমানের ডোমরা নোট। তৃতীয় ও চতুর্থ হয়েছে যথাক্রমে বাহারামের এক ডলার এবং বাহারাইনের ৫ দিনার। এছাড়াও বাংলাদেশের দুই টাকার উল্লেখিত নোট নিয়ে বিস্তারিত অনেক কিছু বলা হয়। সবশেষে বলা হয়," *একসময় বাজার থেকেও নোটটি হারিয়ে যেতে বসে। ফলে সরকার দুই টাকার কয়েন বাজারে ছাড়ে। নতুন নোট ছাড়া হয় না বলে পুরনো নোটগুলোর ছেঁড়াফাড়া দশা। একসময় হয়তো এই সুন্দর নোটটি একেবারে হারিয়ে যাবে।*"

অনুসন্ধান

ফেসবুকে প্রকাশিত এই তথ্যটি অনুসন্ধান করলে দেখা যায়, সেখানে রাশিয়ান যে বিনোদন পত্রিকার কথা বলা হচ্ছে কোথাও সেই পত্রিকার কোনো পরিচয় পাওয়া যায়নি। এমনকি যে জরিপের কথা বলা হচ্ছে সেই জরিপ নিয়েও সুনির্দিষ্ট কোনো তথ্য দেখতে পাওয়া যায় না। খবরে শুধুমাত্র "রাশিয়ার একটি অনলাইন বিনোদন পত্রিকার জরিপ" এই কথাটি উল্লেখ করা হয়। কিন্তু শুধুমাত্র এই কথাটির মাধ্যমে ঐ পত্রিকা কিংবা জরিপ সম্পর্কে কোনো ধারনা পাওয়া সম্ভব নয়।

পরবর্তীতে এই খবরের উৎস খুঁজতে গিয়ে দেখা যায়, "Panarmenia.net" নামক আরমেনিয়ার একটি নিউজ এজেন্সি ২০১২ সালের ৭ জানুয়ারি "Bangladesh taka voted most beautiful bank note"- শিরোনামে একটি সংবাদ প্রকাশ করে। সেখানে বলা হয়," *Bangladesh 2 taka note was ranked 1st among the most beautiful bank notes worldwide, according to a poll at Russian online entertainment outlet*"। আমাদের অনুসন্ধান অনুযায়ী এটিই সর্বপ্রথম উৎস হিসেবে ধারণা করা হচ্ছে।



Bangladesh taka voted most beautiful bank note

Bangladesh 2 taka note was ranked 1st among the most beautiful bank notes worldwide, according to a poll at Russian online entertainment outlet.

São Tome and Principe's 50 thous. dobra note became the runner-up followed by 1 Bahamian dollar and 5 Bahraini dinars.

Georgia's 10 lari note was voted 5th, with 10 Hong Kong dollars, 10 Cook Islands dollars, 50 Israeli shekels, 20 thous. Island krona note, 50 Faeroe Islands kronurs positioned 6-10th resp.

New Zealand, Romania, Maldives, Singapore, Comoros, French Polynesia, Switzerland, Sweden Jamaica and Japan were voted 11-20th.

ঠিক এর দুইদিন পর ৯ জানুয়ারি তৎকালীন "আমার দেশ" পত্রিকার অনলাইন মাধ্যমে "Panarmenia" এর বরাত দিয়ে খবরটি প্রকাশিত হয়। একই দিনে "Bangla News 24" এ এই খবর নিয়ে একটি প্রতিবেদন দেখতে পাওয়া যায়। যার সাথে পরবর্তীতে বিভিন্ন সময়ে প্রকাশিত খবরের মিল পাওয়া যায়। ধারণা করা যাচ্ছে, এই সংবাদমাধ্যমগুলোর মাধ্যমেই খবরটি বাংলাদেশে ছড়িয়ে পড়ে।

আমার দেশ

বাংলাদেশের ২ টাকা পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট

কিন্তু "Panarmenia", "আমার দেশ" কিংবা "Bangla News 24" কোনো সংবাদ মাধ্যমেই ওই জরিপ সম্পর্কে কোনো সঠিক ধারণা দেওয়া হয়নি। যার ফলে কিসের ভিত্তিতে এমন একটি দাবি করা হচ্ছে তা পরিষ্কার বুঝা যাচ্ছে না।

অন্যদিকে ৭ এপ্রিল ২০১৯ তারিখে "ডেইলি বাংলাদেশ" নামক একটি অনলাইন নিউজ পোর্টাল থেকে "পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট বাংলাদেশের দুই টাকা" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। এই সংবাদটির সাথে বর্তমানে ফেসবুকে ভাইরাল হওয়া বেশিরভাগ পোস্টগুলো হুবুহু মিলে যাচ্ছে। যেমন উপরে 'বিষয়বস্তুতে' দুই টাকার নোট নিয়ে যে উক্তিটি উল্লেখ করা হয় তার সাথে এই প্রতিবেদনের হুবহু মিল রয়েছে। এখানেও দুই টাকার এই নোট নিয়ে বলা হয়," একসময় বাজার থেকেও নোটটি হারিয়ে যেতে বসে। ফলে সরকার দুই টাকার কয়েন বাজারে ছাড়ে। নতুন নোট ছাড়া হয় না বলে পুরনো নোটগুলোর ছেঁড়াফাড়া দশা। একসময় হয়তো এই সুন্দর নোটটি একেবারে হারিয়ে যাবে"।

আন্তর্জাতিক স্বীকৃতপ্রাপ্ত প্রতিষ্ঠান "ইন্টারন্যাশনাল ব্যাংক নোট সোসাইটি" প্রতিবছর "ব্যাংক নোট অব দ্য ইয়ার" নির্বাচিত করে থাকে। ২০১২ সালে "ব্যাংক নোট অব দ্য ইয়ার" ঘোষিত হয় কাজাখস্তানের '5000 Tenge' ব্যাংকনোটটি। সেখানে ব্রাজিল, আর্জেন্টিনা এবং ওমানসহ আরোও বিভিন্ন দেশের ব্যাংকনোট নমিনেশন পেলেও কোথাও বাংলাদেশের কোনো নোটের নাম দেখতে পাওয়া যায় না।

২০০৪ সাল থেকে ২০২০ সালের তথ্য অনুযায়ী বাংলাদেশের কোনো নোট এখন পর্যন্ত "ব্যাংক নোট অব দ্য ইয়ার" জিতেনি। তবে এর আগে ২০০৮ সালে বাংলাদেশের ১০০০ টাকার ব্যাংক নোট নমিনেশন পায়। ২০২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ২০০ টাকার একটি ব্যাংক নোট প্রচলন করে। পরবর্তীতে এই নোটটি ২০২০ সালের "ব্যাংক নোট অব দ্য ইয়ারে" পুনরায় নমিনেশন পায়। এই নমিনেশনের কারণেও পুরানো এই খবরটি আবার ভাইরাল হয়ে থাকতে পারে।

এছাড়াও, আইবিএনএস সম্পর্কে বিস্তারিত এবং ২০০৪ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত বিজয়ীদের নাম জানুন এখানে।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, সংবাদটি বেশ পুরানো। এটি প্রথম প্রকাশিত হয় সম্ভবত ৭ জানুয়ারি ২০১২ তারিখে। অর্থাৎ, আজ থেকে কমপক্ষে প্রায় নয় বছর আগে। ২০২১ সালে এসে এই খবরের কোনো প্রাসঙ্গিকতা দেখা যাচ্ছে না। এত পুরনো একটি সংবাদের বর্তমানে কোনো প্রাসঙ্গিকতা ছাড়া এইভাবে ভাইরাল হওয়া স্বাভাবিকভাবেই এক ধরনের বিভ্রান্তির তৈরি করছে। যদিও সংবাদে ২০১২ সালের কথা উল্লেখ আছে তবুও অনেক ক্ষেত্রেই মনে হচ্ছে সংবাদটি সাম্প্রতিক। যার ফলে সাধারন ফেসবুক ব্যাবহারকারীরা ব্যপকভাবে শেয়ার করছে। বিগত কয়েক বছর ধরেই সংবাদটি মাঝে মধ্যেই ফেসবুকে ভাইরাল হতে দেখা যাচ্ছে।

উল্লেখ্য, ২০২০ সালে 'বুম বাংলাদেশ' এর একটি ফ্যাক্টচ্যাকিং প্রতিবেদনে সংবাদটিকে "Mis-leading" বলে দাবি করা হয়।

সিদ্ধান্ত

ভাইরাল হওয়া এই খবরটি অনেক পুরানো হওয়ায় এবং উল্লেখিত জরিপ কিংবা বিনোদন পত্রিকা সম্পর্কে সুনির্দিষ্ট কোনো প্রমাণ না থাকায় সংবাদটির সত্যতা পাওয়া যায়নি। তবে এটিও নিশ্চিত করে বলা যায় না যে আজ থেকে নয় বছর আগে এমন কোনো জরিপ হয়নি। কিন্তু একটি বিষয় নিশ্চিতভাবে বলা যায় যে, এত পুরানো একটি সংবাদের বর্তমানে কোনো প্রাসঙ্গিকতা নেই। সঠিক সূত্র ব্যাতিত এমন পুরানো একটি সংবাদ শুধুমাত্র বিভ্রান্তিই ছড়াতে পারে। তাই ফ্যাক্টওয়াচ এটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

End of document

Edited Copy:

"পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংক নোট বাংলাদেশের দুই টাকা"- কতটা সত্য?

গত জুলাই মাস থেকে "পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংক নোট বাংলাদেশের দুই টাকা" এমন শিরোনামে বেশ কিছু ফেসবুক পোস্ট ব্যাপকভাবে ছড়িয়ে পড়ছে। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, খবরটি ২০১২ সালের এবং রাশিয়ার একটি বিনোদন পত্রিকা এরকম একটি জরিপ পরিচালনা করে। কিন্তু বর্তমানে প্রকাশিত খবরের কোথাও উল্লেখিত জরিপের নাম বা কোনো ধরনের তথ্যসূত্র দেওয়া হয়নি। সংবাদটি নয় বছর পুরানো হওয়ায় এবং বর্তমানে এর প্রাসঙ্গিকতা না থাকায় ফ্যাক্টওয়াচ এটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

গত জুলাই মাস থেকে "ক্যাম্পাসিয়ান পরিবার", " তথ্য ভান্ডার" কিংবা "বইয়ের শহর" সহ এমন বিভিন্ন ফেসবুক পেজ এবং গ্রুপের মাধ্যমে উক্ত শিরোনামে অনেকগুলো ফেসবুক পোস্ট প্রকাশিত হয়। এছাড়াও অনেক ফেসবুক-ব্যবহারকারী তাদের ব্যক্তিগত অ্যাকাউন্টের মাধ্যমেও তথ্যটি শেয়ার করেন। এর ফলে এই খবরটি ফেসবুকে ভাইরাল হতে শুরু করে।

ফেসবুকে এমন কিছু পোস্ট দেখুন এখানে, এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

এছাড়াও কিছু অনলাইন নিউজ পোর্টালেও এই খবরটি প্রকাশিত হতে দেখা যায়। নিউজ পোর্টালে প্রকাশিত খবরগুলো দেখুন এখানে, এখানে এবং এখানে।

পোস্টের বিষয়বস্তু

মূলত দাবি করা হচ্ছে, ২০১২ সালে পৃথিবীর সবচেয়ে সুন্দর ব্যাংকনোট নিয়ে "রাশিয়ার একটি বিনোদন পত্রিকা" একটি জরিপ পরিচালনা করে। জরিপে দেখা যায়, বাংলাদেশের "দুই টাকা" নোটটি পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট হিসেবে বিজয়ী হয়। সেখানে আরো বলা হয়, জরিপে দ্বিতীয় হয়েছে সাও টোমের ৫০ হাজার মূল্যমানের ডোবরা নোট। তৃতীয় ও চতুর্থ হয়েছে যথাক্রমে বাহামার এক ডলার এবং বাহরাইনের ৫ দিনার। এছাড়াও বাংলাদেশের দুই টাকার উল্লেখিত নোট নিয়ে বিস্তারিত অনেক কিছু বলা হয়। সবশেষে বলা হয়,"*একসময় বাজার থেকেও নোটটি হারিয়ে যেতে বসে। ফলে সরকার দুই টাকার কয়েন বাজারে ছাড়ে। নতুন নোট ছাড়া হয় না বলে পুরনো নোটগুলোর ছেঁড়াফাড়া দশা। একসময় হয়তো এই সুন্দর নোটটি একেবারে হারিয়ে যাবে।*"

অনুসন্ধান

ফেসবুকে প্রকাশিত এই তথ্যটি অনুসন্ধান করলে দেখা যায়, সেখানে রাশিয়ান যে বিনোদন পত্রিকার কথা বলা হচ্ছে কোথাও সেই পত্রিকার কোনো পরিচয় পাওয়া যায়নি। এমনকি যে জরিপের কথা বলা হচ্ছে সেই জরিপ নিয়েও সুনির্দিষ্ট কোনো তথ্য দেখতে পাওয়া যায় না। খবরে শুধুমাত্র "রাশিয়ার একটি অনলাইন বিনোদন পত্রিকার জরিপ" এই কথাটি উল্লেখ করা হয়। কিন্তু শুধুমাত্র এই কথাটির মাধ্যমে ঐ পত্রিকা কিংবা জরিপ সম্পর্কে কোনো ধারণা পাওয়া সম্ভব নয়।

পরবর্তীতে এই খবরের উৎস খুঁজতে গিয়ে দেখা যায়, "Panarmenia.net" নামক আরমেনিয়ার একটি নিউজ এজেন্সি ২০১২ সালের ৭ জানুয়ারি "Bangladesh taka voted most beautiful bank note"- শিরোনামে একটি সংবাদ প্রকাশ করে। সেখানে বলা হয়,"*Bangladesh 2 taka note was ranked 1st among the most beautiful bank notes worldwide, according to a poll at Russian online entertainment outlet*"। আমাদের অনুসন্ধান অনুযায়ী এটিই সর্বপ্রথম উৎস হিসেবে ধারণা করা হচ্ছে।


Bangladesh taka voted most beautiful bank note

Bangladesh 2 taka note was ranked 1st among the most beautiful bank notes worldwide, according to a poll at Russian online entertainment outlet.

São Tome and Principe's 50 thous. dobra note became the runner-up followed by 1 Bahamian dollar and 5 Bahraini dinars.

Georgia's 10 lari note was voted 5th, with 10 Hong Kong dollars, 10 Cook Islands dollars, 50 Israeli shekels, 20 thous. Island krona note, 50 Faeroe Islands kronurs positioned 6-10th resp.

New Zealand, Romania, Maldives, Singapore, Comoros, French Polynesia, Switzerland, Sweden Jamaica and Japan were voted 11-20th.

ঠিক এর দুইদিন পর ৯ জানুয়ারি তৎকালীন “আমার দেশ” পত্রিকার অনলাইন মাধ্যমে “Panarmenia” এর বরাত দিয়ে খবরটি প্রকাশিত হয়। একই দিনে “Bangla News 24” এ [এই খবর নিয়ে একটি প্রতিবেদন] দেখতে পাওয়া যায়। যার সাথে পরবর্তীতে বিভিন্ন সময়ে প্রকাশিত খবরের মিল পাওয়া যায়। ধারণা করা যাচ্ছে, এই সংবাদমাধ্যমগুলোর মাধ্যমেই খবরটি বাংলাদেশে ছড়িয়ে পড়ে।

কিন্তু "Panarmenia", “আমার দেশ” কিংবা “Bangla News 24” কোনো সংবাদ মাধ্যমেই ওই জরিপ সম্পর্কে কোনো সঠিক ধারণা দেওয়া হয়নি। যার ফলে কিসের ভিত্তিতে এমন একটি দাবি করা হচ্ছে তা পরিষ্কার বুঝা যাচ্ছে না।

অন্যদিকে ৭ এপ্রিল ২০১৯ তারিখে "ডেইলি বাংলাদেশ" নামক একটি অনলাইন নিউজ পোর্টাল থেকে "পৃথিবীর সবচেয়ে সুন্দর নোট বাংলাদেশের দুই টাকা" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। এই সংবাদটির সাথে বর্তমানে ফেসবুকে ভাইরাল হওয়া বেশিরভাগ পোস্টগুলো হুবুহু মিলে যাচ্ছে। যেমন উপরে ‘বিষয়বস্তুতে’ দুই টাকার নোট নিয়ে যে উক্তিটি উল্লেখ করা হয় তার সাথে এই প্রতিবেদনের হুবহু মিল রয়েছে। এখানেও দুই টাকার এই নোট নিয়ে বলা হয়," একসময় বাজার থেকেও নোটটি হারিয়ে যেতে বসে। ফলে সরকার দুই টাকার কয়েন বাজারে ছাড়ে। নতুন নোট ছাড়া হয় না বলে পুরনো নোটগুলোর ছেঁড়াফাড়া দশা। একসময় হয়তো এই সুন্দর নোটটি একেবারে হারিয়ে যাবে"।

আন্তর্জাতিক স্বীকৃতপ্রাপ্ত প্রতিষ্ঠান "ইন্টারন্যাশনাল ব্যাংক নোট সোসাইটি" প্রতিবছর “ব্যাংক নোট অব দ্য ইয়ার” নির্বাচিত করে থাকে। ২০১২ সালে "ব্যাংক নোট অব দ্য ইয়ার" ঘোষিত হয় কাজাখস্তানের '5000 Tenge' ব্যাংকনোটটি। সেখানে ব্রাজিল, আর্জেন্টিনা এবং ওমানসহ আরোও বিভিন্ন দেশের ব্যাংকনোট নমিনেশন পেলেও কোথাও বাংলাদেশের কোনো নোটের নাম দেখতে পাওয়া যায় না।

২০০৪ সাল থেকে ২০২০ সালের তথ্য অনুযায়ী বাংলাদেশের কোনো নোট এখন পর্যন্ত “ব্যাংক নোট অব দ্য ইয়ার” জিতেনি। তবে এর আগে ২০০৮ সালে বাংলাদেশের ১০০০ টাকার ব্যাংক নোট নমিনেশন পায়। ২০২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ ব্যাংক ২০০ টাকার একটি ব্যাংক নোট প্রচলন করে। পরবর্তীতে এই নোটটি ২০২০ সালের “ব্যাংক নোট অব দ্য ইয়ারে” পুনরায় নমিনেশন পায়। এই নমিনেশনের কারণেও পুরানো এই খবরটি আবার ভাইরাল হয়ে থাকতে পারে।

এছাড়াও, আইবিএনএস সম্পর্কে বিস্তারিত এবং ২০০৪ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত বিজয়ীদের নাম জানুন এখানে।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, সংবাদটি বেশ পুরানো। এটি প্রথম প্রকাশিত হয় সম্ভবত ৭ জানুয়ারি ২০১২ তারিখে। অর্থাৎ, আজ থেকে কমপক্ষে প্রায় নয় বছর আগে। ২০২১ সালে এসে এই খবরের কোনো প্রাসঙ্গিকতা দেখা যাচ্ছে না। এত পুরনো একটি সংবাদের বর্তমানে কোনো প্রাসঙ্গিকতা ছাড়া এইভাবে ভাইরাল হওয়া স্বাভাবিকভাবেই এক ধরনের বিভ্রান্তি তৈরি করছে। যদিও সংবাদে ২০১২ সালের কথা উল্লেখ আছে তবুও অনেক ক্ষেত্রেই মনে হচ্ছে সংবাদটি সাম্প্রতিক। যার ফলে সাধারণ ফেসবুক ব্যবহারকারীরা ব্যাপকভাবে শেয়ার করছেন। বিগত কয়েক বছর ধরেই সংবাদটি মাঝে মধ্যেই ফেসবুকে ভাইরাল হতে দেখা যাচ্ছে।

উল্লেখ্য, ২০২০ সালে 'বুম বাংলাদেশ' এর একটি ফ্যাক্টচ্যাকিং প্রতিবেদনে সংবাদটিকে "Mis-leading" বলে দাবি করা হয়। কিন্তু এই সংবাদের প্রচার অব্যাহত থাকায় ফ্যাক্টওয়াচ এটিকে আবারো যাচাই করার সিদ্ধান্ত নেয়।

সিদ্ধান্ত

(১) ভাইরাল হওয়া এই খবরটি অনেক পুরানো
(২) উল্লেখিত জরিপ কিংবা রাশিয়ান অনলাইন বিনোদন পত্রিকা সম্পর্কে সুনির্দিষ্ট কোনো তথ্য কোথাও পাওয়া যায় নি।
(৩) ব্যাংকনোটের সৌন্দর্য সম্পর্কিত নিয়মিত জরিপ চালায় International Bank Note Society যাদের তালিকায় বাংলাদেশের কোনো নোট কখনোই বছরের সেরা ব্যাংকনোট হয়ে আসে নি। যদিও ২০০৮ সালে এবং ২০২০ সালে বাংলাদেশের ব্যাংকনোট দুইবার মনোনয়ন পেয়েছিল।

বাংলাদেশের ব্যাংকনোট IBNS মনোনয়ন পাওয়ায় এটা বলা যায় যে, বাংলাদেশী ব্যাংকনোটের পক্ষে সৌন্দর্যের প্রতিযোগিতায় বিজয়ী হওয়া সম্ভব। কিন্তু উল্লেখিত দাবির পক্ষে কোনো প্রমাণ না থাকায় এবং সংবাদটি অনেক পুরনো হওয়ায় ফ্যাক্টওয়াচ একে বিভ্রান্তিকর আখ্যা দিচ্ছে।

End of document

Published Copy:

https://www.fact-watch.org/web/two-taka-note/

Mistakes:

Before Editing	After Editing
ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, খবরটি ২০১২ সালের এবং প্রকাশিত খবরের কোথাও উল্লেখিত জরিপের নাম বা কোনো ধরনের তথ্যসূত্র দেওয়া হয়নি। ফ্যাক্টওয়াচের অনুসন্ধানেও খবরটির সত্যতা যাচাই করা যায়নি।	ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে জানা যায়, খবরটি ২০১২ সালের এবং রাশিয়ার একটি বিনোদন পত্রিকা এরকম একটি জরিপ পরিচালনা করে।
ভাইরাল হওয়া এই খবরটি অনেক পুরানো হওয়ায় এবং উল্লেখিত জরিপ কিংবা বিনোদন পত্রিকা সম্পর্কে সুনির্দিষ্ট কোনো প্রমাণ না থাকায় সংবাদটির সত্যতা পাওয়া যায়নি। তবে এটিও নিশ্চিত করে বলা যায় না যে আজ থেকে নয় বছর আগে এমন কোনো জরিপ হয়নি। কিন্তু একটি বিষয় নিশ্চিতভাবে বলা যায় যে, এত পুরানো একটি সংবাদের বর্তমানে কোনো প্রাসঙ্গিকতা নেই। সঠিক সূত্র ব্যাতিত এমন পুরানো একটি সংবাদ শুধুমাত্র বিভ্রান্তিই ছড়াতে পারে। তাই ফ্যাক্টওয়াচ এটিকে “বিভ্রান্তিকর” হিসেবে চিহ্নিত করছে।	(১) ভাইরাল হওয়া এই খবরটি অনেক পুরানো (২) উল্লেখিত জরিপ কিংবা রাশিয়ান অনলাইন বিনোদন পত্রিকা সম্পর্কে সুনির্দিষ্ট কোনো তথ্য কোথাও পাওয়া যায় নি। (৩) ব্যাংকনোটের সৌন্দর্য সম্পর্কিত নিয়মিত জরিপ চালায় International Bank Note Society যাদের তালিকায় বাংলাদেশের কোনো নোট কখনোই বছরের সেরা ব্যাংকনোট হয়ে আসে নি। যদিও ২০০৮ সালে এবং ২০২০ সালে বাংলাদেশের ব্যাংকনোট দুইবার মনোনয়ন পেয়েছিল। বাংলাদেশের ব্যাংকনোট IBNS মনোনয়ন পাওয়ায় এটা বলা যায় যে, বাংলাদেশী ব্যাংকনোটের পক্ষে

	সৌন্দর্যের প্রতিযোগিতায় বিজয়ী হওয়া সম্ভব। কিন্তু উল্লেখিত দাবির পক্ষে কোনো প্রমাণ না থাকায় এবং সংবাদটি অনেক পুরনো হওয়ায় ফ্যাক্টওয়াচ একে বিভ্রান্তিকর আখ্যা দিচ্ছে।

Learning: This project gave me a lesson about how to write a detailed report. This was full of information and sources. This gave me a lesson about how to write conclusion accurately.

PROJECT- 5

Project Type: Fact Check Report

Project Title: "আযান নিয়ে নেইমারের খুব সুন্দর বক্তব্য" -শিরোনামে ভাইরাল ভিডিওটি বিভ্রান্তিকর

Project Description: It was altered video. The claim was about Brazilian footballer Neymar Jr appreciating Azan.

Responsibility: I had to look for the original source of that claim and then check fi it was true or not.

Fake Report:

My findings & Report:

১৯ জুলাই ২০২১ তারিখ থেকে "আযান নিয়ে নেইমারের খুব সুন্দর বক্তব্য ❤❤"- এমন শিরোনামে সামাজিক মাধ্যমে একটি ভিডিও ভাইরাল হতে দেখা যায়। ১ মিনিট ৩৪ সেকেন্ডের এই ভিডিওতে দাবি করা হচ্ছে, নেইমার একবার প্রেস কনফারেন্সের সময় আযান শুনতে পেয়ে কথা থামিয়ে চুপ করে মন দিয়ে শুনেছিলেন। সাংবাদিকদের এই বিষয়ে তিনি বলেছিলেন, মুসলমানদের আযান তার অনেক ভালো লাগে এমনকি তার ধর্মে এমন কিছু কেনো নেই বলে আফসোস প্রকাশও করেছেন। এছাড়াও দাবি করা হয় তিনি একবার ওজিলের কাছে আযানের অর্থ জানতে চেয়েছিলেন।

ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে, নেইমারের এমন কোনো ঘটনার সত্যতা খুঁজে পাওয়া যায়নি। এছাড়া নেইমারের এই ধরনের কোনো মন্তব্যের প্রমানও পাওয়া যায় নি। আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা নেইমারের ব্যক্তিগত সামাজিক মাধ্যমগুলোতেও এমন কোনো বিষয় খুঁজে পাওয়া যায়নি। আর তাই, এই ধরনের একটি ভিডিওকে "মিথ্যা" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।

১৯ জুলাই ২০২১ তারিখে "Md Moynul Islam" নামক একটি ফেসবুক পেজ থেকে "আযান নিয়ে নেইমারের খুব সুন্দর বক্তব্য ❤❤"- এমন শিরোনামে একটি ভিডিও প্রকাশিত হয়। ভিডিওটি ১৩ লক্ষেরও বেশিবার দেখা হয়েছে এবং ১১ হাজারেরও বেশিবার শেয়ার হয়েছে। পরবর্তীতে "Mohammad Robel Mia", " Football Sports" নামক এমন আরোও কয়েকটি ফেসবুক পেজের বরাত দিয়ে ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে।

ফেসবুকে ভাইরাল হওয়া এই ভিডিওটি দেখুন এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

ভিডিওর বিষয়বস্তু

১ মিনিটি ৩৪ সেকেন্ডের এই ভিডিওটি তৈরি করা হয় নেইমার, ওযিলসহ বিভিন্ন মসজিদের স্থিরচিত্র ব্যবহার করে। ভিডিওতে বলা হয় ব্রাজিলের কোনো এক শহরে "মসজিদ এ হামজা" নামের একটি মসজিদের পাশে ব্রাজিলিয়ান ফুটবল তারকা নেইমারের একটি প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হচ্ছিলো। কনফারেন্সের একসময় মসজিদে আযান দেওয়া হলে নেইমার কথা বলা বন্ধ করে দেন এবং শেষ না হওয়া পর্যন্ত চুপ করে ছিলেন। এক সাংবাদিক প্রশ্ন করতে চাইলে তাকে ইশারায় চুপ থাকতে বলেন নেইমার। পরবর্তীতে সাংবাদিকেরা এই বিষয়ে প্রশ্ন করলে নেইমার বলেন, "আমি মুসলমানদের মসজিদের আযান খুব মন দিয়ে শুনি, আমার কাছে দারুন এক প্রশান্তি অনুভূত হয়, আমাদের ধর্মে তো এমন কিছু দেখিনা, কেমন ধর্ম পালন করি আমরা?"। ভিডিওতে আরোও দাবি করা হয় নেইমার একবার জার্মান ফুটবল তারকা মেসুত ওজিলের কাছে আযানের অর্থ জানতে চেয়েছিলেন কিন্তু ওযিল ব্যস্ত হয়ে যাওয়ার কারণে পরবর্তীতে জানা হয়ে উঠে নি। নেইমার যেনো ভবিষ্যতে ইসলাম ধর্ম গ্রহণ করে এমন আশাবাদ ব্যক্ত করেই ভিডিওটি সমাপ্ত হয়।

অনুসন্ধান

ভিডিওতে উল্লেখিত বিভিন্ন তথ্য অনুসন্ধানে কিছু অসংগতি লক্ষ্যণীয়। ভিডিওটিতে যে দাবিগুলো করা হয় তার বিপরীতে কোনো ধরনের তথ্যসূত্র ব্যবহার করা হয়নি তাই ভিডিওটিতে উল্লেখিত প্রেস কনফারেন্সটির তারিখ এবং বিষয় নিয়ে কোনো স্পষ্ট ধারণা পাওয়া যায়নি।

ভিডিওতে নেইমারের প্রেস কনফারেন্সে বক্তব্যরত অবস্থার কয়েকটি ছবি ব্যবহার করা হয়। যার প্রথমটি ছিলো নেইমারের ব্রাজিলের হয়ে ১০০ তম ম্যাচ সম্পর্কে। এই প্রেস কনফারেন্সটি ২০১৯ সালের ৯ অক্টোবর সিংগাপুরে অনুষ্ঠিত হয়। সেনেগালের বিপরীতে ব্রাজিলের একটি খেলার আগে নেইমার বিভিন্ন বিষয়ে সাংবাদিকদের সাথে কথা বলেন। পিএসজিতে তার তৎকালীন অবস্থান এবং জাতীয় দলেও বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। কিন্তু সেখানে কোথাও নেইমারকে ইসলাম কিংবা আযান নিয়ে কথা বলতে দেখা যায়নি।

উক্ত প্রেস কনফারেন্স নিয়ে "chinadaily.com.cn" এর একটি প্রতিবেদন দেখুন এখানে।

CHINADAILY.COM.CN 中文

Home / Sports / Soccer

Neymar poised for 100th Brazil appearance

Xinhua | Updated: 2019-10-10 10:56

Brazilian football star Neymar, who is to make his 100th appearance with the national team in a friendly match against Senegal, speaks during a press conference in Singapore, on Oct 9, 2019. [Photo/VCG]

এছাড়াও, এখন পর্যন্ত নেইমার যতগুলো প্রেস কনফারেন্সে অংশগ্রহণ করেছেন তার কোথাও ভিডিওতে উল্লেখিত বিষয়গুলো নিয়ে কথা বলতে দেখা যায় নি।

অন্যদিকে, ভিডিওতে দাবি করা হয় নেইমার আযানের অর্থ জানার জন্য জার্মান ফুটবল তারকা মেসুত ওজিলকে জিজ্ঞাসা করেন কিন্তু ওজিল ব্যস্ততার তা জানাতে পারেন নি। এমন একটি তথ্যেরও কোনো সত্যতা খুঁজে পাওয়া যায়নি। আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা ওজিল বা নেইমারের কোনো সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট থেকেও এমন কোনো ঘটনার প্রমাণ পাওয়া যায়নি।

ভিডিওতে উল্লেখিত "মসজিদ এ হামজা"- নামের যে মসজিদের কথা বলা হয় সেটি ব্রাজিলের সাও পাওলোতে অবস্থিত। মসজিদটির নাম "Mesquita Hz. Hamza"। সাও পাওলোর কোথাও নেইমারের এমন প্রেস কনফারেন্সের ঘটনার প্রমাণ খুঁজে পাওয়া যায়নি।

সিদ্ধান্ত

ভিডিওটিতে উল্লেখিত কোনো তথ্যেরই সত্যতা খুঁজে পাওয়া যায় নি। বিভিন্ন সময়ের বিভিন্ন ছবি ব্যবহার করে সম্পূর্ণই মনগড়া তথ্যের ভিত্তিতে ভিডিওটি তৈরি করা হয়। তাই ফ্যাক্টওয়াচ ভিডিওটিকে " মিথ্যা" হিসেবে চিহ্নিত করছে।

মানুষের বিভ্রান্তির কিছু নমুনা

Revised Copy:

১৯ জুলাই ২০২১ তারিখ থেকে "আযান নিয়ে নেইমারের খুব সুন্দর বক্তব্য ❤❤"- এমন শিরোনামে সামাজিক মাধ্যমে একটি ভিডিও ভাইরাল হতে দেখা যায়। ১ মিনিট ৩৪ সেকেন্ডের এই ভিডিওতে দাবি করা হচ্ছে, নেইমার একবার প্রেস কনফারেন্সের সময় আযান শুনতে পেয়ে কথা থামিয়ে চুপ করে মন দিয়ে শুনেছিলেন। সাংবাদিকদের এই বিষয়ে তিনি বলেছিলেন, মুসলমানদের আযান তার অনেক ভালো লাগে এমনকি তার ধর্মে এমন কোনো কিছু নেই বলে আফসোস প্রকাশও করেছেন।

ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভিডিওতে উল্লেখিত প্রেস ককনফারেন্সের ছবিটি সিংগাপুরের, ২০১৯ সালের ৯ অক্টোবরের। আর ভিডিওতে বর্ণিত ঘটনাটিতে উল্লেখিত মসজিদের অবস্থান ব্রাজিলের সাও-পাওলোতে। অর্থাৎ, ছবি এবং বর্ণিত ঘটনা অসামঞ্জস্যপূর্ণ। এছাড়াও আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা নেইমারের ব্যক্তিগত সামাজিক মাধ্যম থেকেও এমন কোনো ঘটনার সত্যতা পাওয়া যায় না। এই কয়টি অসংগতি বিবেচনায় নিয়ে এই ধরনের একটি ভিডিওকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।

১৯ জুলাই ২০২১ তারিখে "Md Moynul Islam" নামক একটি ফেসবুক পেজ থেকে "আযান নিয়ে নেইমারের খুব সুন্দর বক্তব্য ❤❤"- এমন শিরোনামে একটি ভিডিও প্রকাশিত হয়। ভিডিওটি ১৩ লক্ষেরও বেশিবার দেখা হয়েছে এবং ১১ হাজারেরও বেশিবার শেয়ার হয়েছে। পরবর্তীতে "Mohammad Robel Mia", " Football Sports" নামক এমন আরোও কয়েকটি ফেসবুক পেজের বরাত দিয়ে ভিডিওটি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ে।

ফেসবুকে ভাইরাল হওয়া এই ভিডিওটি দেখুন এখানে, এখানে, এখানে, এখানে এবং এখানে।

ভিডিওর বিষয়বস্তু

১ মিনিটি ৩৪ সেকেন্ডের এই ভিডিওটি তৈরি করা হয় নেইমার, ওযিলসহ বিভিন্ন মসজিদের স্থিরচিত্র ব্যবহার করে। ভিডিওতে বলা হয় ব্রাজিলের কোনো এক শহরে "মসজিদ এ হামজা" নামের একটি মসজিদের পাশে ব্রাজিলিয়ান ফুটবল তারকা নেইমারের একটি প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হচ্ছিলো। কনফারেন্সের একসময় মসজিদে আযান দেওয়া হলে নেইমার কথা বলা বন্ধ করে দেন এবং শেষ না হওয়া পর্যন্ত চুপ করে ছিলেন। এক সাংবাদিক প্রশ্ন করতে চাইলে তাকে ইশারায় চুপ থাকতে বলেন নেইমার। পরবর্তীতে সাংবাদিকেরা এই বিষয়ে প্রশ্ন করলে নেইমার বলেন, "আমি মুসলমানদের মসজিদের আযান খুব মন দিয়ে শুনি, আমার কাছে দারুন এক প্রশান্তি অনুভূত হয়, আমাদের ধর্মে তো এমন কিছু দেখিনা, কেমন ধর্ম পালন করি আমরা?"। ভিডিওতে আরোও দাবি করা হয় নেইমার একবার জার্মান ফুটবল তারকা মেসুত ওজিলের কাছে আযানের অর্থ জানতে চেয়েছিলেন কিন্তু ওযিল ব্যস্ত হয়ে যাওয়ার কারণে পরবর্তীতে জানা হয়ে উঠে নি। নেইমার যেনো ভবিষ্যতে ইসলাম ধর্ম গ্রহণ করে এমন আশাবাদ ব্যক্ত করেই ভিডিওটি সমাপ্ত হয়।

অনুসন্ধান

ভিডিওতে উল্লেখিত বিভিন্ন তথ্য অনুসন্ধানে কিছু অসংগতি লক্ষ্যণীয়। ভিডিওটিতে যে দাবিগুলো করা হয় তার বিপরীতে কোনো ধরনের তথ্যসূত্র ব্যবহার করা হয়নি তাই ভিডিওটিতে উল্লেখিত প্রেস কনফারেন্সটির তারিখ এবং বিষয় নিয়ে কোনো স্পষ্ট ধারণা পাওয়া যায়নি।

ভিডিওতে নেইমারের প্রেস কনফারেন্সে বক্তব্যরত অবস্থার কয়েকটি ছবি ব্যবহার করা হয়। যার প্রথমটি ছিলো নেইমারের ব্রাজিলের হয়ে ১০০ তম ম্যাচ সম্পর্কে। এই প্রেস কনফারেন্সটি ২০১৯ সালের ৯ অক্টোবর সিংগাপুরে অনুষ্ঠিত হয়। সেনেগালের বিপরীতে ব্রাজিলের একটি খেলার আগে নেইমার বিভিন্ন বিষয়ে সাংবাদিকদের সাথে কথা বলেন। পিএসজিতে তার তৎকালীন অবস্থান এবং জাতীয় দলেও বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। কিন্তু সেখানে কোথাও নেইমারকে ইসলাম কিংবা আযান নিয়ে কথা বলতে দেখা যায়নি।

উক্ত প্রেস কনফারেন্স নিয়ে "chinadaily.com.cn" এর একটি প্রতিবেদন দেখুন এখানে।

CHINADAILY.COM.CN 中文

Home / Sports / Soccer

Neymar poised for 100th Brazil appearance

Xinhua | Updated: 2019-10-10 10:56

Brazilian football star Neymar, who is to make his 100th appearance with the national team in a friendly match against Senegal, speaks during a press conference in Singapore, on Oct 9, 2019. [Photo/VCG]

এছাড়াও, এখন পর্যন্ত নেইমার যতগুলো প্রেস কনফারেন্সে অংশগ্রহণ করেছেন তার কোথাও ভিডিওতে উল্লেখিত বিষয়গুলো নিয়ে কথা বলতে দেখা যায় নি।

আবার, ভিডিওতে উল্লেখিত "মসজিদ এ হামজা"- নামের যে মসজিদের কথা বলা হয় সেটি ব্রাজিলের সাও পাওলোতে অবস্থিত। মসজিদটির নাম "Mesquita Hz. Hamza"। সাও পাওলোর কোথাও নেইমারের এমন প্রেস কনফারেন্সের ঘটনার প্রমাণ খুঁজে পাওয়া যায়নি। অর্থাৎ, একদিকে দেখানো হচ্ছে সিংগাপুরের একটি প্রেস কনফারেন্সের ছবি এবং ঘটনা বর্ণনা করা হচ্ছে সাও-পাওলোর একটি মসজিদের।

অন্যদিকে, ভিডিওতে দাবি করা হয় নেইমার আযানের অর্থ জানার জন্য জার্মান ফুটবল তারকা মেসুত ওজিলকে জিজ্ঞাসা করেন কিন্তু ওজিল ব্যস্ততার তা জানাতে পারেন নি। এমন একটি তথ্যেরও কোনো সত্যতা খুঁজে পাওয়া যায়নি। আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা ওজিল বা নেইমারের কোনো সামাজিক মাধ্যমের অ্যাকাউন্ট থেকেও এমন কোনো ঘটনার প্রমাণ পাওয়া যায়নি।

সিদ্ধান্ত

ভিডিওটিতে উল্লেখিত তথ্যের সাথে ব্যবহৃত ছবিগুলো অসামঞ্জস্যপূর্ণ। এমনকি উল্লেখিত কোনো তথ্যের সত্যতাও খুঁজে পাওয়া যায় নি। বিভিন্ন সময়ের বিভিন্ন ছবি ব্যবহার করে সম্পূর্ণই মনগড়া তথ্যের ভিত্তিতে ভিডিওটি তৈরি করা হয়। এমন অসংগতিপূর্ণ একটু ভিডিও স্বাভাবিকভাবেই তৈরি করছে বিভ্রান্তির। তাই সবকিছু বিবেচনা করে ফ্যাক্টওয়াচ ভিডিওটিকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করছে।

মানুষের বিভ্রান্তির কিছু নমুনা

Published Copy:

https://www.fact-watch.org/web/neymarazan/

Mistakes:

Before Editing	After Editing
ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে, নেইমারের এমন কোনো ঘটনার সত্যতা খুঁজে পাওয়া যায়নি। এছাড়া নেইমারের এই ধরনের কোনো মন্তব্যের প্রমানও পাওয়া যায় নি। আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা নেইমারের ব্যক্তিগত সামাজিক মাধ্যমগুলোতেও এমন কোনো বিষয় খুঁজে পাওয়া যায়নি। আর তাই, এই ধরনের একটি ভিডিওকে "মিথ্যা" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।	ফ্যাক্টওয়াচের অনুসন্ধানে দেখা যায়, ভিডিওতে উল্লেখিত প্রেস ককনফারেন্সের ছবিটি সিংগাপুরের, ২০১৯ সালের ৯ অক্টোবরের। আর ভিডিওতে বর্ণিত ঘটনাটিতে উল্লেখিত মসজিদের অবস্থান ব্রাজিলের সাও-পাওলোতে। অর্থাৎ, ছবি এবং বর্ণিত ঘটনা অসামঞ্জস্যপূর্ণ। এছাড়াও আন্তর্জাতিক নির্ভরযোগ্য কোনো গণমাধ্যম কিংবা নেইমারের ব্যক্তিগত সামাজিক মাধ্যম থেকেও এমন কোনো ঘটনার সত্যতা পাওয়া যায় না। এই কয়টি অসংগতি

	বিবেচনায় নিয়ে এই ধরনের একটি ভিডিওকে "বিভ্রান্তিকর" হিসেবে চিহ্নিত করা হচ্ছে।
ভিডিওটিতে উল্লেখিত কোনো তথ্যেরই সত্যতা খুঁজে পাওয়া যায় নি। বিভিন্ন সময়ের বিভিন্ন ছবি ব্যবহার করে সম্পূর্ণই মনগড়া তথ্যের ভিত্তিতে ভিডিওটি তৈরি করা হয়। তাই ফ্যাক্টওয়াচ ভিডিওটিকে " মিথ্যা" হিসেবে চিহ্নিত করছে।	ভিডিওটিতে উল্লেখিত তথ্যের সাথে ব্যবহৃত ছবিগুলো অসামঞ্জস্যপূর্ণ। এমনকি উল্লেখিত কোনো তথ্যের সত্যতাও খুঁজে পাওয়া যায় নি। বিভিন্ন সময়ের বিভিন্ন ছবি ব্যবহার করে সম্পূর্ণই মনগড়া তথ্যের ভিত্তিতে ভিডিওটি তৈরি করা হয়। এমন অসংগতিপূর্ণ একটু ভিডিও স্বাভাবিকভাবেই তৈরি করছে বিভ্রান্তির। তাই সবকিছু বিবেচনা করে ফ্যাক্টওয়াচ ভিডিওটিকে “বিভ্রান্তিকর” হিসেবে চিহ্নিত করছে।

Learning: It was a video claim. The whole Fact Watch team helped me with this report. It was a team effort. The video contains different images from different sources. So, I had to go through all those sources and debunk different claims from that video.

Project-06

Project Type- Poster Making

Project Title- সাইবার সৃজনশীল প্রতিযোগীতা

Project Description- It was a competition among students from different districts of Bangladesh. There were five different categories. I have assigned to create five posters for five categories. I was suggested to use Canva fir this task.

Responsibility- I had to create five posters for that competition. The mentors from different categories shared their rules and suggestions for the competition and I was told to create posters with those information.

Posters-


Being Safe, Being Cyberpositive
সাইবার সৃজনশীল প্রতিযোগিতা
ছবি আঁকা/ড্রয়িং
নির্দেশিকা
• চিত্রটি অবশ্যই মৌলিক হতে হবে।
• প্রতিযোগী যেকোনো ধরনের রঙ ব্যবহার করতে পারবে।
• অংকিত চিত্রটি ছবি তুলে জমা দিতে হবে।
• একজন প্রতিযোগী শুধু একটি ছবি চূড়ান্তভাবে জমা দিতে পারবে।
জমা দেয়ার নিয়ম
• কন্টেন্ট জমা দেয়ার সময়সীমা ১০ই সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত
• কন্টেন্টটি মেইল কর "CQS.SUBMISSION@GMAIL.COM" এখানে
• মেইলের 'বিষয়' বা 'SUBJECT' অংশে প্রথমে 'প্রতিযোগিতার বিষয়' তারপর 'তোমার নাম' এবং শেষে 'তোমার এলাকা' লিখতে হবে। (যেমনঃ ফটোগ্রাফি, সামস ওয়াহিদ, শ্রীমঙ্গল)


Being Safe, Being Cyberpositive
সাইবার সৃজনশীল প্রতিযোগিতা
ফটোগ্রাফি
নির্দেশিকা
• প্রতিযোগিতায় ১ টি ফটো স্টোরি জমা দেওয়া যাবে।
• ফটো স্টোরিতে সর্বনিম্ন ১ টি এবং সর্বোচ্চ ৫ টি ছবি থাকতে পারবে।
• ছবির ফরম্যাট JPEG হতে হবে।
• ইন্টারনেট থেকে হুবুহু কোনো ছবি ব্যবহার করা যাবে না, অবশ্যই ছবিগুলো মৌলিক হতে হবে।
জমা দেয়ার নিয়ম
• কন্টেন্ট জমা দেয়ার সময়সীমা ১০ই সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত
• কন্টেন্টটি মেইল কর "CQS.SUBMISSION@GMAIL.COM" এখানে
• মেইলের 'বিষয়' বা 'SUBJECT' অংশে প্রথমে 'প্রতিযোগিতার বিষয়' তারপর 'তোমার নাম' এবং শেষে 'তোমার এলাকা' লিখতে হবে। (যেমনঃ ফটোগ্রাফি, সামস ওয়াহিদ, শ্রীমঙ্গল)


Being Safe, Being Cyberpositive
সাইবার সৃজনশীল প্রতিযোগিতা
পোস্টার
নির্দেশিকা
পোস্টার জমা নেয়া হবে
পোস্টার অবশ্যই মৌলিক হতে হবে। (তবে ইন্টারনেট থেকে ফ্রি টেমপ্লেট ব্যবহার করা যাবে অথবা স্বত্বাধিকারীর নির্দেশনা অনুযায়ী সূত্র উল্লেখ করতে হবে)
CQS
জমা দেয়ার নিয়ম
কন্টেন্ট জমা দেয়ার সময়সীমা ১০ই সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত
কন্টেন্টটি মেইল কর "CQS.SUBMISSION@GMAIL.COM" এখানে
মেইলের 'বিষয়' বা 'SUBJECT' অংশে প্রথমে 'প্রতিযোগিতার বিষয়' তারপর 'তোমার নাম' এবং শেষে 'তোমার এলাকা' লিখতে হবে। (যেমনঃ ফটোগ্রাফি, সামস ওয়াহিদ, শ্রীমঙ্গল)


Being Safe, Being Cyberpositive
সাইবার সৃজনশীল প্রতিযোগিতা
ভিডিও
নির্দেশিকা
• একটির বেশি ভিডিও জমা দেয়া যাবে না।
• ভিডিও অবশ্যই মৌলিক হতে হবে। (তবে ইন্টারনেট থেকে ফ্রি টেমপ্লেট ব্যবহার করা যাবে অথবা স্বত্বাধিকারীর নির্দেশনা অনুযায়ী সূত্র উল্লেখ করতে হবে)
• ভিডিওতে চাইলে স্থিরচিত্র বা ছবি ব্যবহার করা যাবে।
• ভিডিও ৫ মিনিটের মধ্যে হতে হবে
• ফাইল ফরম্যাট MP4 হতে হবে।
• ফাইল সাইজ ১০০ মেগাবাইটের বেশি হতে পারবে না।
জমা দেয়ার নিয়ম
• কন্টেন্ট জমা দেয়ার সময়সীমা ১০ই সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত
• কন্টেন্টটি মেইল কর "CQS.SUBMISSION@GMAIL.COM" এখানে
• মেইলের 'বিষয়' বা 'SUBJECT' অংশে প্রথমে 'প্রতিযোগিতার বিষয়' তারপর 'তোমার নাম' এবং শেষে 'তোমার এলাকা' লিখতে হবে। (যেমনঃ ফটোগ্রাফি, সামস ওয়াহিদ, শ্রীমঙ্গল)



Feedback & Learnings- I had done a course on Poster. It was probably on my 6th semester. Finally I had got the chance to execute the knowledge. But it was not that easy. After finishing one poster I had to consult with the mentor. He helped me to understand the size of the text and also to choose the right color combination etc.

Project-07

Project Type: Transcript Writing

Project Description- There were two different interviews. The interview was about a research project. There were editors talking about different aspect of web-portals with the host.

Responsibility- My responsibility was to transcribe those interviews. Both interviews were more than half an hour long.

Task (1) - Ranjan Kumar Dey, Editor, Bangla Dorpon.com, Bagura

রঞ্জন কুমার দে, সম্পাদক, বাংলা দর্পন.কম, বগুড়া

মোঃ রোমেল- আপনি সাংবাদিকতায় যুক্ত হলেন কিভাবে কতদিন ধরে সাংবাদিকতা করছেন?

রঞ্জন কুমার- আমি সাংবাদিকতায় যুক্ত হই গত তিন বছর থেকে। এর আগেও আমি লেখালেখি করতাম, ব্লগিং করতাম। তিন বছর আগে ক্রান্তিকাল.কম নামে একটি পত্রিকায় আমি সম্পাদকের দ্বায়িত্ব পালন করি। আর গত দুই বছর ধরে বাংলাদর্পন.কম এই নিউজ পোর্টালটি চালাচ্ছি।

মোঃ রোমেল- এই নিউজ পোর্টালটি করার পিছনে আপনার উদ্দেশ্য কি ছিলো?

রঞ্জন কুমার- আমি মনে করি আমাদের দেশের বেশিরভাগ গণমাধ্যমগুলোই "কর্পোরেট মিডিয়া"। কর্পোরেট মিডিয়া বলতে বুঝাচ্ছি যে এরা কোনো না কোনো গোষ্ঠীর "পারপাস সার্ভ" করে। আপনি খেয়াল করে দেখবেন আমাদের যে মূলধারার গণমাধ্যমগুলো আছে, বিশেষ করে যারা মালিকানাভিত্তিক তারা কোনো না কোনো 'কর্পোরেট হাউসে'র সাথে যুক্ত আছে। এমন বাস্তবতায় সত্যিকার অর্থে একটি গণমাধ্যমকে দাঁড় করানোর চেষ্টা করছি।

মোঃ রোমেল- আপনার নিউজ পোর্টাল থেকে কোন ধরনের নিউজ বেশি করা হয়? যেমন- রাজনৈতিক, ভাইরাল, অনুসন্ধান...

রঞ্জন কুমার- আমাদের এখানে সারাদেশের ৪০ টি জেলায় প্রায় দেড়শ প্রতিনিধি আছে। আমি তাদেরকে অনুসন্ধানী প্রতিবেদন করতে উৎসাহিত করে থাকি।বিশেষ করে, জনস্বার্থ সংশ্লিষ্ট যে খবরগুলো আছে সেগুলো করার জন্য তাদের উৎসাহিত করি।

মোঃ রোমেল- যেহেতু আপনারা একটি জেলা শহর থেকে এটি পরিচালনা করছেন সেহেতু খবর বাছাইয়ের এলাকাভিত্তিক বিশেষ কোনো লক্ষ্য রয়েছে কি না।

রঞ্জন কুমার- নাহ আমরা মূলত বিভিন্ন এলাকার যে জনস্বার্থ বিরোধী দূর্নীতিগুলো হয় সেগুলোকেই বেশি প্রাধান্য দিয়ে থাকি।

মোঃ রোমেল- রঞ্জনদা, প্রিন্ট এবং অনলাইন সংবাদমাধ্যমের সংবাদ প্রকাশের ক্ষেত্রে কি পার্থক্য আছে বলে আপনি মনে করেন?

রঞ্জন কুমার- আমাদের দেশে তো তিন ধরনের মিডিয়া। যেমন- অনলাইন, প্রিন্ট এবং অডিও/ভিজুয়াল মিডিয়া। এই ক্ষেত্রে আমার মনে হয়, অনলাইন গণমাধ্যমটা এখন বেশি জনপ্রিয় হচ্ছে কারণ মানুষের হাতে ইন্টারনেট সুবিধা এবং স্মার্টফোন আছে তারা সহজেই নিউজ দেখতে পারে। আবার, সামাজিক মাধ্যমগুলোর কারণে 'সিটিজেন জার্নালিজম' বলতে যেটা বুঝায় সেটা আরোও সহজ এবং জনপ্রিয় হয়ে উঠছে। এমনকি আমার মনে হয়, অনলাইন গণমাধ্যমগুলো সিটিজেন সাংবাদিকদের উপর নির্ভরশীল হয়ে উঠছে। তাই আমার মনে হয়, জনগণের কাছে অনলাইন গণমাধ্যগুলোর জনপ্রিয়তাই এখন অনেক বেশি যদিও প্রশাসনিকভাবে প্রিন্ট মিডিয়ার গুরুত্বটাই বেশি।

**

মোঃ রোমেল- আচ্ছা, ওয়েব পোর্টালগুলোতে কি সংবাদের গুণগত মান একটু কমে গিয়েছে? আপনার কি মনে হয়?

রঞ্জন কুমার- সমস্যাটা হচ্ছে সমাজের দূর্নীতির সাথে আমাদের গণমাধ্যমগুলোও খানিকটা সম্পৃক্ত হয়ে গিয়েছে...

মোঃ রোমেল- একটু ব্যাখ্যা করা যাবে এই বিষয়টি..

রঞ্জন কুমার- আপনাকে একটা উদাহরণ দেই। এই যে সম্প্রতি খুব আলোচিত একটি ঘটনা যে মুজিব শতবর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী উপহার হিসেবে যে ঘরগুলো দিয়েছেন সেগুলো ভেঙে পড়ছে বা শেরপুরের যে ঘটনাটা এইগুলো সম্পর্কে মূলধারার গণমাধ্যমগুলো অবগত থাকলেও কোনো প্রতিবেদন প্রকাশ করে না যেকোনো কারণে। এই খবরগুলো আমরা যখন প্রকাশ করলাম তখন কিন্তু সারাদেশে একটা হইচই পড়ে গেলো। এরকম বিভিন্ন ঘটনা সম্পর্কে মূলধারার গণমাধ্যমগুলো অবগত থাকলেও যেকোনো এক কারণে এগুলো এড়িয়ে যায়। সেইক্ষেত্রে দেখা যাচ্ছে, সত্য প্রকাশের ক্ষেত্রে সাংবাদিকদের যেমন একটা বড় ধরনের ঘাটতি আছে, তেমনি আমি যদি সরকারের কথা বলি যে সত্য প্রকাশের ক্ষেত্রে সাংবাদিকদের যে ধরনের নির্যাতনের মুখে পড়তে হয় সেটিও একটি উল্লেখযোগ্য অন্তরায়। সাংবাদিক রোজিনার ঘটনাটি একটি উদাহরণ অথবা গত কিছুদিন আগে যুগান্তরের জেলা প্রতিনিধিকেও অব্যাহতি দেওয়া হলো। তার বিরুদ্ধে গোপন নথি চুরির দায় দেওয়া হলো। সরকার এবং মালিকপক্ষের বিভিন্ন বিধিনিষেধ অথবা ডিজিটাল নিরাপত্তা আইন এইগুলোর কারণে সাংবাদিকেরা সাহস পায় না। আপনি যে গ্রহণযোগ্যতার কথা বললেন সেখানে আমার মনে হয় না খুব একটা ঘাটতি আছে। কারণ, যখন একজন সাংবাদিক সরকার, মালিকপক্ষ এবং আইন এই সবগুলোর সাথে লড়াই করে কোনো একটা অনুসন্ধানী প্রতিবেদন করেন তখন বুঝতে তার কাছে ওই প্রতিবেদনে উল্লেখিত নথির বাইরেও আরোও অনেক তথ্যপ্রমাণ থাকে নইলে তিনি তাদের মোকাবিলা করতে পারবেন না।

মোঃ রোমেল- সাংবাদিকতার নীতি বলতে আমরা যা জানি যেমন, বস্তুনিষ্ঠতা, ন্যায়বিচার, নিরপেক্ষতা বা জনগণের প্রতি জবাবদিহিতা, আপনার কি মনে হয় যে এই বিষয়গুলো অনলাইন সংবাদমাধ্যমে ধরে রাখা যাচ্ছে?

রঞ্জন কুমার- এই বিষয়গুলো কিন্তু আপেক্ষিক, চিরস্থায়ী কিছু না। বস্তুনিষ্ঠতা বলতে যা বুঝায় যে, জনগণের পক্ষে অবস্থান রয়েছে কি না। এই ক্ষেত্রে আসলে অনলাইন সংবাদমাধ্যমগুলোকে আলাদা করে দেখার কিছু নাই। এখানে সামগ্রিক গণমাধ্যম হিসেবে দেখতে হবে যে তারা বস্তুনিষ্ঠ আছে কি না।

মোঃ রোমেল- আপনি নিজে যখন ওয়েবপর্টালে কাজ করতে গেলেন তখন কি ধরনের সমস্যার সম্মুখীন হয়েছিলেন?

রঞ্জন কুমার- প্রশাসনিক বা যেকোনো ক্ষেত্রেই তথ্য সংগ্রহ করাটা আমার কাছে একটা সমস্যা বলে মনে হয়। যেমন, সম্প্রতি আমি সরকারের অক্সিজেন ট্যাংকগুলো যে বিভিন্ন কোম্পানিগুলোকে অক্সিজেন সরবরাহ করছে তার দাম সম্পর্কে কোনো তথ্য আমি এখন পর্যন্ত জানতে পারিনি। হাসপাতাল কর্তৃপক্ষ বলে কোম্পানির কথা, কোম্পানি বলে ইঞ্জিনিয়ারের কথা, ইঞ্জিনিয়ারকে জিজ্ঞেস করলে বলে হেড অফিসের কথা, তাদেরকে জিজ্ঞেস করলে বলে কোম্পানির সাথে সরকারের চুক্তি সম্পর্কেতো আমরা কিছু জানি না। কিন্তু আমার কিন্তু নাগরিক হিসেবে এটি জানার অধিকার রয়েছে। তো এই ক্ষেত্রে অনেক ঝামেলায় পড়তে হয়।

মোঃ রোমেল- আপনার কি মনে হয় কেনো এই তথ্যগুলো দিচ্ছে না?

রঞ্জন কুমার- (একটু হেসে) এখন ধরেন, "...." দাম যদি তেরো হাজার টাকা হয় সেক্ষেত্রে তথ্য বের করতে একটু তো কষ্ট হবেই, তাই না?

মোঃ রোমেল- আচ্ছা, আপনাদের কাছে তো অনেক ধরনের তথ্য আসে। সেক্ষেত্রে তথ্য যাচাই-বাছাইয়ের প্রক্রিয়াটা কি?

রঞ্জন কুমার- এই যেমন আমি এবং কথা বলছি, এইটা কিন্তু রেকর্ড হচ্ছে। ঠিক এইভাবেই আমরা যখন কোনো তথ্য নেই বা ভিডিও নেই আমরা কিন্তু ওইটা রেকর্ড রাখি। তাই তথ্য দেওয়ার ক্ষেত্রে যখন এই রেকর্ড রাখার বিষয়টি আসে তখন কিন্তু তথ্যদাতাও অনেক সতর্ক হয়েই তথ্যটি দেয়।

মোঃ রোমেল- যাচাইয়ের এই পদ্ধতিয যার কথা আপনি বললেন সেটি কি যথেষ্ট বলে আপনি মনে করেন?

রঞ্জন কুমার- এর বাইরেতো আসলেও আর উপায় নেই। যেমন, প্রশাসনিক কোনো তথ্যের ক্ষেত্রে তো ওই প্রদত্ত নথিটিই যথেষ্ট এর বাইরে যদি কোনো ব্যাক্তিপর্যায় থেকে তথ্য সংগ্রহ করতে হয় সেক্ষেত্রে এর বাইরে আসলে আমাদের কিছু করার থাকে বলে আমার মনে হয় না

মোঃ রোমেল- ওয়েবপোর্টালগুলো ভবিষ্যতে সংবাদমাধ্যম হিসেবে কি ভূমিকা রাখতে পারে বলে আপনার মনে হয়?

রঞ্জন কুমার- আমার যেটা মনে হয় যে আগামীদিনে এই অনলাইন গণমাধ্যমগুলোই মূলধারার গুণমাধ্যম হিসেবে হাজির হবে। আপনি লক্ষ্য করলে দেখবেন যে প্রিন্ট মিডিয়ার যে সরবরাহ তা কিন্তু অনেক কমে এসেছে। তারা এখন অনলাইন যে সংবাদমাধ্যম সেদিকে নজর দিচ্ছে এমনকি অডিও/ভিজুয়াল মাধ্যমের দিকেও অগ্রসর হচ্ছে।

মোঃ রোমেল- আপনাদের কাছে যখন কোনো তথ্য আসে, সেখানে সবগুলো যেহেতু সঠিক হয় না সেক্ষেত্রে অনেক বিভ্রান্তিকর তথ্য অথবা গুজবও থাকতে পারে। সেগুলো আপনারা কিভাবে সনাক্ত করেন?

রঞ্জন কুমার- সেক্ষেত্রে, প্রাথমিক অবস্থায় তথ্যদাতার সাথে বিভিন্ন প্রশ্নোত্তরেএ মাধ্যমে আমরা বুঝতে পারি। তারপর যার বিরুদ্ধে তথ্যটি আছে তার থেকে জানতে চেষ্টা করি। এর বাইরেও যেহেতু বিভিন্ন জায়গায় আমাদের সোর্স থাকে তাদের সাথেও কথা বলে আমরা বিষয়টি সম্পর্কে নিশ্চিত হওয়ার চেষ্টা করি।

মোঃ রোমেল- এই বিভ্রান্তিকর অথবা ভুয়া খবর বলতে আমরা যা বুঝি সেগুলো কি আপনাদের এলাকার নিউজ পোর্টালে হয়ে থাকে?

রঞ্জন কুমার- আমাদের এলাকার নিউজ পোর্টালে এমন নিউজ খুব বেশি হয় না। কারণ যারা দায়িত্বশীলভাবে নিউজ পোর্টালগুলো চালায় তারা এই কাজগুলো করে না। আবার যারা শুধুমাত্র একটি ডোমেইন দিয়ে কোনো কিছু না জেনেই একটা পোর্টাল খুলে ফেলে তাদের ব্যাপারটা ভিন্ন। সামাজিক মাধ্যমে এমন আশংকা আছে তবে নিউজ পোর্টালে এই ধরনের কাজ হয় না।

মোঃ রোমেল- আচ্ছা। যারা এই ডোমেইন একটা নিয়ে নামমাত্র সাংবাদিকতা করে, এই সংখ্যাটা আসলে কেমন?

রঞ্জন কুমার- এই সংখ্যাটা অনেক, এইটা অস্বীকার করার উপায় নেই। এমন অনেক গ্রুপই আছে যারা আপনার নিউজটাকে ভাইরাল করে দেওয়ার কাজ করে...

মোঃ রোমেল- এই গ্রুপ বা মাধ্যমগুলো কিভাবে কাজ করে?

রঞ্জন কুমার- আমাদের মূলধারার যে গণমাধ্যমগুলো যেমন, প্রথম আলো, যুগান্তর, সমকাল এদের নামে সামাজিক মাধ্যমে অসংখ্য গ্রুপ বা পেজ দেখতে পাওয়া যায় যেগুলো ভ্যারিফাইড নাহ। সাধারণ মানুষ কিন্তু এইটা বুঝে না যে কোনটা ভ্যারিফাইড আর কোনটা ভ্যারিফাইড না। এই কারনে মানুষ ওই গ্রুপ বা পেজগুলোতে নিযুক্ত হয়। এইভাবে দেখা যায় একটি গ্রুপের ৫০ হাজার বা ১ লক্ষ সদস্য হয়ে গেলো। তখন দেখা যায়, ওই গ্রুপগুলো বিভিন্ন পোর্টালের সাথে যোগাযোগ করে যে, টাকার বিনিময়ে নিউজ ভাইরাল করার প্রস্তাব দিয়ে থাকে।

এইভাবে দেখা যায় একটা নিউজকে তারা প্রচার করে মানুষের কাছে পৌঁছে দিচ্ছে এবং এক পর্যায়ে ভাইরাল হচ্ছে। তো যেইটা বলছিলাম যে, যারা ডোমেইন হোস্টিং করে নামমাত্র সাংবাদিকতা করে তাদের নিউজ যে খুব বেশি প্রভাব ফেলে বিষয়টি এমন না। এরা অনেকসময় 'ব্ল্যাকমেইল' করে থাকে। কারণ আমাদের এই মফস্বল এলাকাগুলোতে মানুষ অনেক ভয় পায় এই নিউজ বের হওয়া ব্যাপারটি নিয়ে। যে নিউজ হয়ে গেলো মানে সর্বনাশ হয়ে গেলো।

মোঃ রোমেল- এইখানে তাহলে আমরা কয়েকটি গোষ্ঠী পেলাম। একটি হচ্ছে যারা ওয়েব পোর্টালের সাথে যুক্ত আছে, আরেকটি হচ্ছে যারা ডোমেইন হোস্টিং এর মাধ্যমে নামমাত্র সাংবাদিকতা করে থাকে এবং আপরটি হচ্ছে যারা সামাজিক মাধ্যমে গ্রুপের মাধ্যমে খবর ভাইরাল করার কাজ করে। সেক্ষেত্রে এই নামমাত্র সাংবাদিকতাকে আপনি ঠেকাবেন বা চিহ্নিত করবেন কিভাবে? এইটি কি দায়িত্বশীল সাংবাদিকতার জন্য সমস্যা না?

রঞ্জন কুমার- (একটু হেসে) আসলে বিষয়টি হচ্ছে এই ধরনের (ব্ল্যাকমেইল করার উদ্দেশ্যে) সাংবাদিকতা যারা করে তারা বেশিরভাগই আবার মূলধারার সাংবাদিকতার সাথে যুক্ত আছে কারণ, ধরেন সাধারণ মানুষ যে আমায় ভয় করবে সেটা কেনো করবে? এর কারণ যে সে জানে আমি খুব বড় মাপের সাংবাদিক, আমি অমুক পত্রিকার সাথে যুক্ত আছি। এই কারণে সে ব্যক্তিগতভাবে একটি নিউজ পোর্টাল তৈরি করে ফেলে শুধুমাত্র 'ব্ল্যাকমেইল' করার জন্য। এদের থেকে মুক্তি পাওয়া যথেষ্ট কঠিন কারণ দেখা যায় যে এদের সাথে প্রশাসন এবং দূর্নীতিবাজদের একটা ঘনিষ্ঠ সম্পর্ক থাকে। এইটা বললাম এই কারণে যে, যখন পুরো একটা ব্যবস্থা দূর্নীতিগ্রস্ত হয়ে যায় তখন যারা একটু দায়িত্বশীল এবং অনুসন্ধানী সাংবাদিকতা করতে চায় তাদের জন্য অনেক চ্যালেঞ্জিং হয়ে উঠে।

মোঃ রোমেল- এর মানে এইখানে মূলধারার সাংবাদিকদের সাথে প্রশাসনের একটা যোগাযোগ রয়েছে?

রঞ্জন কুমার- হ্যাঁ অবশ্যই। আপনি দেখবেন যে, মূলধারার সাংবাদিকেরা গভীর রাতের বেলা থানায় গিয়ে বসে থাকে। এর কারণ কি? রাত ১০ টা থেকে ২ টা পর্যন্ত ওখানতো কোনো খবর থাকে না এর মানে নিশ্চয়ই কোনো 'ডিল' হয়ে থাকে।

মোঃ রোমেল- যে ওয়েব পোর্টালগুলো ভালো তাদের নিজেদের মধ্যে তো এক ধরনের প্রতিযোগিতা থাকে। এরা প্রতিযোগিতায় টিকে থাকার জন্য আসলে কি করে?

রঞ্জন কুমার- আপনি দেখেন যে, এমনকি মূলধারার গণমাধ্যমগুলোও সাংবাদিকদের বেতন দেয় না। এই কথাগুলো হয়তো ওইভাবে প্রমাণ করতে পারবো না আমি শুধু আমার মতামত দিচ্ছি। এমনও অনেক গণমাধ্যম আছে যারা সাংবাদিকদের বলে যে, আপনি নিউজ করবেন নিজ তত্ত্বাবধানে আমরা কোন দায়িত্ব নিতে পারবো না। এই যে আমাদের এই পোর্টালটি, এটি কিন্তু পুরোপুরি অলাভজনক। এইখানে যারা কাজ করে সবাই আমাদের পরিচিত এবং বিভিন্ন মিডিয়ার সাথে যুক্ত। সবাই এখানে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করে। আমরা চেষ্টা করছি একটি প্রতিষ্ঠান দাঁড় করানোর। এখন যদি তাদেরকে আমি পেশাগতভাবে রাখতে চেষ্টা করি সেক্ষেত্রে আমিতো তাদের বেতন দিতে পারবো না।কিন্তু মূলধারার গণমাধ্যমগুলোতো কর্পোরেট মিডিয়া। বিজ্ঞাপনসহ অনেক আয়ের উৎস থাকে। এই যে কিছুদিন আগে, আনভিরের ঘটনা কিংবা পরীমনির ঘটনায় মিডিয়ার ভূমিকাতো জনগণ দেখলো। এই বিষয়টি আগেও এতোটা উন্মুক্ত ছিলো না, কিন্তু এখন আপনি চাইলেও এই বিষয়টি লুকিয়ে রাখতে পারবেন না।

মোঃ রোমেল- তাহলে এই ওয়েব-পোর্টালগুলোর আয়ের উৎস কি? ওরা কিভাবে কার্যক্রম চালিয়ে নেয়?

